### শ্রীশ্রীরাধাদানবিহারিভ্যাং নমঃ

মহাবৈরাগ্যশিরোমণি-শ্রীশ্রীরাধাকৃষ্ণপ্রেমামৃত-আন্বাদনকারি-শ্রীমন্মহাপ্রভুচরণৈকনিষ্ঠ-পয়োধি-গভীরহদয়-অত্যুৎকটবিরহাগ্নি-সম্ভাপিতচিত্ত-সাক্ষান্তক্তিপথদ্রস্টা-শ্রীপাদ্রঘুনাথদাস-গোন্বামি-প্রণীতঃ

# শ্রীশ্রীদানকেলি-চিন্তামণিঃ



শ্রীহরিদাসদাসেন বঙ্গানুবাদিতঃ।

সঙ্গণকসংস্করণং দাসাভাসেন হরিপার্যদদাসেন কৃতম্

#### শ্রীশ্রীরাধাদানবিহারিভ্যাং নমঃ

# ॥ खीबीमान-किल-िष्डामिन ॥

# শ্রীপাদ্রঘুনাথদাসগোস্বামি-প্রণীতঃ শ্রীহরিদাসদাসেন বঙ্গানুবাদিতঃ

শ্রীব্রজানন্দদাসেন সংশোধিতঃ সম্পাদিতশ্চ। শ্রীশ্রীরাধাকুণ্ড-সংস্করণম্। 'শ্রীশ্রীভক্তিগ্রন্থ প্রচার ভাণ্ডার।' শ্রীগৌরসুন্দরদাসেন প্রকাশিতঃ।

প্রকাশন-তিথিঃশ্রীশ্রীজগন্নাথদেবস্য রথযাত্রা,
ত্রয়োদশাধিকশ্রতুর্দশশত-বঙ্গাব্দঃ।
(১২.০৩.১৪১৩ বঙ্গাব্দ)
(26.06.2006)

মুদ্রক-রামানুজ দাস। গিরিরাজ কলোনী, রাধাকুণ্ড, মথুরা, উঃ প্রঃ।

সঙ্গণকসংস্করণং দাসাভাসেন হরিপার্ষদদাসেন কৃতম্

শ্রীশ্রীরাধাকুণ্ডতটাশ্রয়ি-শ্রীপাদ্রঘুনাথদাস-গোস্বামিপ্রকটিত 'শ্রীশ্রীদান-কেলি-চিন্তামণিঃ' শ্রীগ্রন্থখানি
প্রকাশিত হইলেন, তাঁরই অহৈতুকীকরুণাকটাক্ষাভাসে, শ্রীগ্রন্থ প্রকাশন সৌষ্ঠবে
শ্রীব্রজানন্দ দাস অকুত পরিশ্রম
করেছেন, শ্রীমতীস্বামিনী
কুণ্ডেশ্বরীর শ্রীচরণে
তাঁর পরমাসক্তি
কামনা
করি।

ভবদীয়– প্রকাশক

## । শ্রীশ্রীদান কেলি চিন্তামণিঃ।

॥ শ্রীসপার্ষদ গৌর নিত্যানন্দাদ্বৈতেভ্যো নমঃ॥

কুর্বাণেঃ শতমাশিষাং নিজ নিজ প্রেয়ো জয়ায়োৎসুকৈঃ
স্বীয় স্বীয় গগৈঃ স্ফুটং কুটিলয়া বাচাহতিতুঙ্গীকৃতঃ।
গব্যানাং নবদান-কল্পন কৃতে প্রৌঢ়ং মিথঃ স্পর্দ্ধিনো
গান্ধর্বা-গিরিধারিণোর্গিরিতটে কেলীকলিঃ পাতু বঃ ॥১॥
অনুবাদ। গিরি গোবর্দ্ধনের তটদেশে গব্য (ঘৃত) প্রভৃতির নূতন
দান সাধনের জন্য পরস্পর অতিশয় স্পর্দ্ধাকারী গান্ধর্বা (শ্রীরাধা)
ও গিরিধারীর কেলি-কলহ তোমাদিগকে পরিপালন করুন-ঐ
কেলিকলহ ও আবার নিজ নিজ প্রিয়ের জয় নিমিত্ত উৎসুক্চিত্ত,
শত শত অভিলাষকারী স্বীয় স্বীয়গণের স্পষ্ট কুটিল বাক্যভঙ্গী
দ্বারা অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে ॥১॥

উদ্দাম নর্ম্মরস রঙ্গ তরঙ্গকান্ত রাধা-সরিদ্-গিরিধরার্ণব সঙ্গমোত্থম্। শ্রীরূপ চারুচরণাজ-রজঃপ্রভাবা-দম্বোহপি দান নবকেলি-মণিং চিনোমি ॥২॥

অনুবাদ। আমি অন্ধ হইলেও শ্রীরূপ গোস্বামীর মনোরম চরণ-পদ্মের রজঃপ্রভাবে এই দান নব কেলিমণি চয়ন করিতেছি। এই মণি উদ্দাম পরিহাস রস রঙ্গের তরঙ্গপূর্ণ কমনীয় শ্রীরাধারূপা নদী ও গিরিধারিরূপ সমুদ্রের নিত্যনবনবায়মান সঙ্গমেই উথিত হইয়াছেন ॥২॥

সাহারাখ্যং জয়তি সদনং গোকুলে গোকুলেশ-

ভ্রাতা মন্ত্রী বসতি সুমতিস্তত্র নাম্নোপনন্দঃ।
তস্য শ্রীমানিখিলগুণবান্ সূনুরাদ্যঃ সুভদ্রো
ভার্য্যা তস্যাতুল কুলবতী কুন্দপূর্ব্বা লতাহহস্তে ॥৩॥
অনুবাদ। গোকুলে সাহার নামক একটি গ্রাম আছে; ঐ স্থলে

গোকুলাধিপতি শ্রীনন্দের উপনন্দ নামক ভ্রাতা বাস করেন। উপনন্দ নন্দ মহারাজের জনৈক সুবৃদ্ধি মন্ত্রীও বটেন। তাঁহার জ্যেষ্ঠপুত্র শ্রীমান্ সুভদ্রও নিখিলগুণগণমণ্ডিত ! তাঁহার অনুপমা কুলবতী ভার্য্যার নামই-কুন্দলতা ॥৩॥

পুল্পৈর্ভ্রেরিবিধ-বিহগৈর্দ্রাজদুর্ব্বীরুহাণাং ষণ্ডৈঃ সম্যগ্ বিলসিততমে নিষ্কুটে সৌরভ্যাত্যে। খেলস্ত্যোরু প্রণয়মনয়া হস্ত কুত্রাধুনা তৌ কুর্ব্বাতে কিং কিমিতি সুমুখী তত্র পৃষ্টা বয়স্যা ॥৪॥

অনুবাদ। তাঁহার গৃহসমীপে একটি সুগন্ধি উপবন আছে; এই উপবন পুল্প, ভ্রমর ও বিবিধ পক্ষিনিচয়-শোভিত বৃক্ষশ্রেণী দ্বারা সম্যক্ প্রকারে আনন্দই বিস্তার করিতেছে। কুন্দলতা তাঁহার সখী সুমুখীর সহিত খেলা করিতে করিতে অতি প্রীতিভরে জিজ্ঞাসা করিলেন—"হা সখি! তাঁহারা (যুগলকিশোর) এখন কোথায় আছেন এবং কি কি ক্রীড়া করিতেছেন—বলত ?" ॥৪॥

তস্যাঃ শ্রীমদ্ বদনকমলাজ্জল্প মাধ্বীক ধারা-স্যন্দং রাধা-গিরিবরধরপ্রশ্ন-কর্পূর ক্রম্ম। পীত্বানন্দোচ্ছলিত পুলকোজ্জ্ম্ভ সম্ভাবুকশ্রীঃ সা তদ্বার্ত্তাং প্রথয়িতুমথারম্ভমুৎকা চকার ॥৫॥

অনুবাদ। কুন্দলতার সুন্দর বদন-কমল হইতে নিঃসৃত এবং রাধাগিরিধারিবিষয়ক প্রশ্নরূপ কর্পূর্দ্বারা কমনীয়-বাক্যরূপ মধুধারা- প্রবাহ পান করিয়া আনন্দে ও পুলকাঞ্চিত বিগ্রহে সাতিশয় দেহকান্তি বিস্তারিত করিয়া সেই সখী উৎকণ্ঠিতচিত্তে ঐ প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করিলেন ॥৫॥

> শস্তস্যার্থে স্বসুত-হলিনো মিত্র পুত্রাঘশত্রো-রপ্যাসক্ত্যা প্রতিনিধিতয়া (শৌ) সৌরিণা সন্নিযুক্তঃ। সত্রং কর্ত্তুং রহসি ভগবান্ ভাগুরির্দীক্ষিতোহভূৎ স্নেহোল্লাসৈঃ সহমুনিগণস্তত্র গোবিন্দকুণ্ডে ॥৬॥

অনুবাদ। বসুদেব নিজতনয় হলধরের মঙ্গলের জন্য এবং মিত্রপুত্র (নন্দনন্দন) অঘশক্র শ্রীকৃষ্ণের প্রতিও আসক্তি বশতঃ ভগবান্ ভাগুরি মুনিকে তাঁহার প্রতিনিধিরূপে যজ্ঞ করিতে নির্জ্জকরিয়াছেন—ঐ মহর্ষিও স্লেহোল্লাসভরে গোবিন্দকুণ্ডে অন্যান্য মুনিগণ সহ ঐ কার্য্যে দীক্ষিত হইয়াছেন ॥৬॥

> তিম্মন্ সত্রে রুচিরমিচিরং নব্যগব্যং স্বয়ং যা ধৃত্বা নীতং শিরসি শুচয়ো দদ্যুরাভীর-বামাঃ। তাভ্যঃ কামানথ মণিগণালংকৃতীঃ সৌভগঞ্চ প্রীত্যা সত্যং সদসি মুনয়ো হন্ত যচ্ছন্তি সদ্যঃ ॥৭॥

অনুবাদ। সেই যজে যে সকল বিশুদ্ধা গোপনারী শীঘ্রই কমনীয় নব্য গব্য স্বয়ং মস্তকে বহন করিয়া নিয়া দিতেছেন–মুনিগণ সেইক্ষণেই তাঁহাদিগকে প্রীতিসহকারে বাঞ্ছিত বস্তু, মণিসমূহ অলঙ্কার ও সৌভাগ্যরাশি দান করিতেছেন ॥৭॥

নানা বৃক্ষৈর্মধুকর-রুত-স্যন্দি-পুল্পাভিরম্যৈঃ কুঞ্জ-স্তোমেরপি চ পরিতস্তাদৃশৈর্দ্রাজিতস্য। সৌরভ্যাট্যৈঃ কুমুদকমলৈঃ সাধু-ফুল্লৈর্বিরাজৎ-পানীয়স্য স্বকৃত-সরস-স্তীর-কুঞ্জে বসন্তী ॥৮॥ শ্রুবিতার্ভূত-বিবৃতিং সৃক্ষধী-শারিকাহহস্যাদুৎকণ্ঠাভিস্তরলিত-মনাঃ স-প্রিয়ালীগণা সা।
সাত্মা সম্যগ্ বিবিধ-বসনৈর্ভূষণৈর্ভূষিতা দ্রাক্
কাশ্মীরৈস্তৎপ্রণয়-পটলৈরপ্যলং রূষিতা চ ॥৯॥
কৃত্মা পূজামথ দিনপতেঃ শুদ্ধভাবেন শুদ্ধা
বদ্ধাকাজ্কং হৃদয়গগনে গোষ্ঠচন্দ্রং স্মরন্তী।
হৈমং কুন্তং নিহিত-বিকসদ্ গন্ধ-হৈয়ঙ্গবীনং
ধৃত্মা প্রীত্যা শিরসি চলিতা রাধিকা স্বীয়কুণ্ডাৎ ॥১০॥

অনুবাদ। তৎকালে শ্রীরাধা স্বীয়কুণ্ডতীরবর্ত্তী কুঞ্জে বিদ্যমানা ছিলেন, ঐ শ্রীকুণ্ড আবার মধুকর-ঝংকৃত ও মধুক্ষরণশীল পুষ্পসমূহ-পরিশোভিত নানা বৃক্ষ সমূহে সজ্জিত এবং ঐ প্রকারের (মধুকর নিনাদিত ও বিবিধ পুল্পমণ্ডিত বৃক্ষযুক্ত) কুঞ্জশ্রেণীও ইতস্ততঃ বিদ্যমান-ঐ কুণ্ডের জল সুপ্রস্কুটিত সুগন্ধি কুমুদ পদ্ম প্রভৃতি কুসুমে সুবাসিত ও শোভিত। শ্রীরাধা এই রহঃকথা "সূক্ষ্ধী" শারিকার মুখ হইতে শ্রবণ করিয়াই প্রিয় সখীগণসহ উৎকণ্ঠাবশতঃ চঞ্চল-চিত্ত হইলেন; শীঘ্ৰ স্নানাদি ক্ৰীয়া সমাপনান্তে বিবিধ বসন ভূষণ সম্যক্ প্রকারে পরিধান করিলেন এবং কাশ্মীর (কুঙ্কুম) ও প্রিয়তমের প্রণয়রাশি উত্তমরূপে নিজাঙ্গে লেপন করিলেন। অনন্তর শুদ্ধচিত্তে বিশুদ্ধভাবে সূর্য্যপূজাও সমাপন করিলেন। তখন আকাজ্ফাবদ্ধ হইয়া হৃদয়াকাশে গোষ্ঠচন্দ্রকে স্মরণ করিতে করিতে (অথবা হৃদয়াকাশে আকাজ্ঞান্বিত গোষ্ঠচন্দ্রকে স্মরণ করিতে করিতে) একটি স্বৰ্ণকুম্ভে গন্ধবিস্তারী হৈয়ঙ্গবীন (নব্য ঘৃতাদি) স্থাপন পূৰ্ব্বক অতি প্রীতির সহিত মস্তকে ধারণ করিয়া শ্রীরাধা কুণ্ড হইতে যাত্রা করিলেন ॥৮-১০॥

স্মিত্বা স্মিত্বা পথি পথি মিথঃ কুর্ববর্তী কৃষ্ণবার্ত্তামার্ত্তা তস্যানবকলনতঃ স্লিগ্ধতা-শালভঞ্জী।
প্রেমস্তোমোল্ললিত-ললিতাং নর্ম্মফুল্লদ্ বিশাখাং
দৃষ্ট্বা দৃষ্ট্বা সুদতি! মুমুদে নর্ম্মভঙ্গ্যা নিকামম্ ॥১১॥
অনুবাদ। সেই স্নেহ-পুত্তলিকা শ্রীরাধা শ্যামসুন্দরের অদর্শনে
আর্কা হইয়া পথে পরস্পর কম্বকথা বলিয়া বলিয়া হাসিতে

অনুবাদ। সেই স্নেহ-পুত্তলিকা শ্রীরাধা শ্যামসুন্দরের অদশনে আর্ত্তা হইয়া পথে পথে পরস্পর কৃষ্ণকথা বলিয়া বলিয়া হাসিতে হাসিতে চলিলেন। হে সুদতি! প্রেমরাশিভরে অতিশয় উল্পসিত ললিতাকে ও বাকোবাক্যে প্রফুল্লিত বিশাখাকে দেখিয়া দেখিয়া তিনি তাঁহাদের নর্ম্ম পরিহাস ভঙ্গী আস্বাদন করিয়া আমোদ করিতে লাগিলেন ॥১১॥

গন্ধৈর্ত্রাজৎ কুসুমপটলী-মৃষ্ট মাধ্বীকমাদ্যদ্-ভ্রাম্যদ্ ভৃঙ্গপ্রকর বিলসচ্ছাখ শাখিপ্রপঞ্চাঃ। শল্পৈঃ সান্দ্রেঃ সুবলিত-ভুবঃ স্বাদু-সৎকন্দমূলা ন্যঞ্চদ্ধান দ্বিজ মৃগগণাশ্চারু নানাফলানি ॥১২॥ স্থানে স্থানে বিবিধ-বিটপি-ক্রোড় রত্নোরুবেদ্যঃ স্থানে স্থানে পরিমল-বলদ্রত্ব-সিংহাসনৌঘাঃ। স্থানে স্থানে বর-ঝরদরী সানবো ভান্তি যশ্মিন্ শৈলেন্দ্রং সা গিরিধর-কর-প্রাপ্তমানং দদর্শ ॥১৩॥

অনুবাদ। (গিরি গোবর্দ্ধনে) গন্ধযুক্ত কুসুম সমূহের বিশুদ্ধ মধু পানে মন্ত ও ইতস্ততঃ ভ্রমণপরায়ণ ভ্রমরসমূহ কর্তৃক শোভিত শাখা বিশিষ্ট বৃক্ষসমুদয় বর্ত্তমান ; তাহার ভূমিভাগ ঘনতৃণাচ্ছাদিত ও তাহাতে সুস্বাদু উত্তম-কন্দ-মূল-প্রভৃতি বর্ত্তমান-পশুপক্ষিগণ সুমধুর ধ্বনি-পরায়ণ-এবং সর্ব্বে সুচারু বিবিধ ফলরাজি দৃষ্ট হয়। তথায় স্থানে স্থানে বিবিধ বৃক্ষের ক্রোড়দেশে রত্নময় বহু

বেদী—স্থানে স্থানে সুগিন্ধিযুক্ত রত্নময় সিংহাসনরাজি এবং স্থানে স্থানে সুন্দর ঝরণা, গহ্বর ও সানু (সমতলভাগ) সমূহ বর্ত্তমান রহিয়াছে। শ্রীগিরিধারী শ্রীহস্তে ধারণ করিয়াছেন বলিয়া সম্মানিত পর্ব্বতরাজকে (তখন) শ্রীরাধা দর্শন করিলেন ॥১২-১৩॥

লব্বা গোবর্দ্ধন-গিরিমথ প্রাপ্য সৌরভ্য-সারং শশ্বৎ প্রীত্যা-মুনিবর-গণৈর্দত্ত-গব্যাহুতীনাম্। আকৃষ্টোদ্যৎ সুখভর রসেনাশু গদ্ভং সমুৎকা স্থূল-শ্রোণী-কুচ-যুগভরানাম্থরা তন্নিনিন্দ ॥১৪॥

অনুবাদ। অনন্তর শ্রীরাধা গোবর্দ্ধন পর্বতে আসিয়া মুনিশ্রেষ্ঠগণ কর্ত্বক অনবরত প্রীতিপূর্ব্বক প্রদত্ত গব্যাহুতির সুগন্ধি-সার আদ্রাণ করিলেন এবং উত্তরোত্তর বৃদ্ধিশীল সুখরসভরে আকৃষ্ট হইয়া শীঘ্র গমন করিবার জন্য উৎকর্ষ্ঠিতা হইলেও পৃথুশ্রোণি (নিতম্ব)ও কুচ যুগলের ভারে মন্থরগতি হওয়ায় তাহাদের নিন্দা করিতে লাগিলেন ॥১৪॥

জ্ঞাত্মা তাসাং গমনমচিরং কীরবর্য্যস্য বক্ত্রাৎ স্মিত্মা নর্ম-প্রিয়-সখগণৈরাবৃতঃ সাবধানঃ। শৈলেন্দ্রস্যোপরি পরিলসনু ভট-শ্যামবেদ্যাং ঘট্টীপট্টং বিদধদতুলং বল্পবাধীশ-সূনুঃ ॥১৫॥

অনুবাদ। 'অবিলম্বে তাঁহারা আসিতেছেন'—এই সংবাদ শুকবরের মুখে অবগত হইয়া গোপেন্দ্রনন্দন ঈষৎ হাস্য করিলেন এবং প্রিয়নর্ম্ম সখাগণে বেষ্টিত হইয়া সাবধানে গিরিরাজের উপরে বিরাজমান উদ্ভট (অতি প্রচণ্ড) শ্যামবেদীতে দণ্ডায়মান হইয়া অনুপম ঘট্টীপট্ট (দানঘাটী) রচনা করিলেন ॥১৫॥

স্মেরাং সুরক্ত-পটভূষণ-ভূষিতিঙ্গীং

মূর্দ্ধি, ক্ষুরৎ সঘৃত-হেম-ঘটীং বহন্তীম্। সার্দ্ধং তথাবিধ সখীনিবহেন রাধাং যান্তীং মরালগতি-চাক্ন ললাপ পশ্যন্ ॥১৬॥

অনুবাদ। ঈষদ্ধাস্যবদনা, সুন্দর রক্তপট্টবসনা, বিবিধভূষণে সুসজ্জিতা এবং শিরোদেশে ঘৃতপূর্ণ হেমকলসীধারিণী শ্রীরাধা সুচারু মরাল গতিতে তথাবিধ (বেশভূষণে সজ্জিতা ও ঘৃতপাত্রবাহিনী) সখীসমূহ কর্তৃক বেষ্টিতা হইয়া যাইতেছেন দেখিয়া শ্যামসুন্দর বলিতে লাগিলেন—॥১৬॥

অগ্রে পূর্ণবিধুং তদন্তরলসদ্ বন্ধূক পুল্পদ্বয়ং মধ্যে নিস্তল-দাড়িমী-ফলযুগং ভঙ্গ্যা প্রকাশ্য ক্ষণম্। মন্মেত্রস্য চকোর-ভূঙ্গ-শুকতামাসাদয়ন্ত্যভুতা

কেরং মামপি পদ্মিনী কৃতবতী রক্তং মরালং দ্রুতম্ ॥১৭॥ অনুবাদ। অগ্রে পূর্ণচন্দ্র (তৎসদৃশ মুখ), তৎপরে সুন্দর বান্ধুলী কুসুমদ্বর (অধর) এবং মধ্যে সুগোল দাড়িমীফলযুগল (বক্ষোজদ্বর) ভঙ্গীক্রমে এক মুহুর্ত্তের জন্য প্রকাশ করিয়া আমার নেত্রের যথাক্রমে চকোরত্ব, ভূঙ্গত্ব ও শুকত্ব আনয়ন করাইয়া কে এই অদ্ভূত পদ্মিনী (নারী) আমাকে ও রক্ত (অনুরাগযুক্ত) মরাল করিয়া ফেলিল ?॥১৭॥

ততো নিরীক্ষ্য সম্যক্ তাং প্রেম-বিহ্বল-মানসঃ।
সাশঙ্কং পঙ্কজাক্ষোহয়ং সোৎকণ্ঠোহবর্ণয়ৎ পুনঃ ॥১৮॥
অনুবাদ। তৎপরে প্রেম-বিহ্বল চিত্তে তাঁহাকে সম্যক্ নিরীক্ষণ
করিয়া এই পদ্মপলাশলোচন শ্রীহরি আশঙ্কা ও উৎকণ্ঠা সহকারে
পুনরায় বর্ণনা করিতে প্রবৃত্ত হইলেন ॥১৮॥

ফুল্লচ্চম্পক বল্লিকাবলিরিয়ং কি নো ন সা জঙ্গমা

কিং বিদ্যুল্লতিকাততির্নহি ঘনে সা খে ক্ষণদ্যোতিনী। কিং জ্যোতির্লহরী সরিন্নহি ন সা মূর্ত্তিং বহেত্তদ্ধ্রুবং

জ্ঞাতং জ্ঞাতমসৌ সখীকুলবৃতা রাধা ক্ষুটং প্রাঞ্চতি ॥১৯॥ অনুবাদ। ইনি কি প্রক্ষুটিত চম্পকলতা সমূহই ? না, তাহা ত জন্ম নহে (চলিয়া বেড়ায় না); তবে কি ইনি বিদ্যুৎরাশিই হইবেন? না, তাহাও ত নয়; কেননা, বিদ্যুৎ আকাশে মেঘের কোলে ক্ষণস্থায়ী হয়। তবে ইনি কি জ্যোতি লহরীর নদীই হইবেন ? না, তাহাও সম্ভব নয়, যেহেতু তাহার কোনও মূর্ত্তি নাই, হাঁা, এখন নিশ্চয় জানিয়াছি—সখীগণ বেষ্টিতা শ্রীরাধাই পরিক্ষাররূপে এদিকে আসিতেছেন ॥১৯॥

> ইয়মিহ ন চ রাধা সা সখীভিঃ পরীতা বিদিতমিদমিদানীং বস্তুতত্ত্বং বিচার্য্য। মম সবিধমুপৈতি স্ফার-শৃঙ্গার-লক্ষীঃ সহ কলিত-সুবর্মালিঙ্গনাদি-ক্রিয়াভিঃ ॥২০॥

অনুবাদ। এক্ষণে বস্তুতত্ত্ব বিচার করিয়া বিদিত হইলাম যে ইনি সখীগণ বেষ্টিতা শ্রীরাধাও নহেন–কিন্তু সাক্ষাৎ মহাশৃঙ্গার–লক্ষ্মী সুন্দর মূর্ত্তি পরিগ্রহ করিয়া আলিঙ্গনাদি মুদ্রাযুক্ত হইয়া মৎসমীপে আসিতেছেন ॥২০॥

গৌরী-শ্রীবৃষভানুবংশবিলসৎ কীর্ত্তিধ্বজা-কীর্ত্তিদা-গর্ভান্তঃখনি-রত্ন-কান্তিলহরী শ্রীদাম-পুণ্যানুজা। প্রাণপ্রেষ্ঠ-সখী-নিকায়-কুমুদোল্লাসোল্লসচ্চন্দ্রিকা মৎপ্রাণোক্র-শিখণ্ডি-বাস-বড়ভী সেয়ং স্বয়ং রাধিকা ॥২১॥ অনুবাদ। গৌরাঙ্গী, শ্রীবৃষভানু বংশের সুন্দর কীর্ত্তিধ্বজা, শ্রীকীর্ত্তিদার গর্ভরূপ নিগৃঢ় খনির রত্বকান্তি লহরী, শ্রীদামের মনোহারিণী অনুজা (কনিষ্ঠা ভগ্নী), প্রাণপ্রিয়তম সখী সমূহরূপ কুমুদিনী সকলের উল্লাস বিষয়ে পরম সুন্দর চন্দ্রিকা স্বরূপা এবং আমার প্রাণরূপ মহাময়ূরের বাস-বড়ভী (বাসস্থান–বক্রকাষ্ঠ বিশেষ) স্বরূপিণী–স্বয়ং শ্রীরাধাই বটেন ॥২১॥

ততো গোবিন্দমালোক্য গোবর্দ্ধন-শিরোমণিম্।
শ্বিত্বা চাক্র চলাপান্ধী তুঙ্গবিদ্যেদমব্রবীৎ ॥২২॥
অনুবাদ। তৎপরে গোবর্দ্ধনের শিরোমণিরূপে বিরাজিত
গোবিন্দকে দর্শন করিয়া চঞ্চল-কটাক্ষ-বিস্তারিণী তুঙ্গবিদ্যা
মনোহর হাস্য সহকারে বলিলেন-॥২২॥

যঃ কল্কনৈর্দধিঘটং প্রকটং বিলুষ্ঠ্য নীত্বা প্রগাঢ়-তমসা মিলিতোহতিতৃষ্ণঃ। সোহয়ং গিরীন্দ্র-শিখরং স্কুটমারুরোহ রাধে! তব প্রিয়সখো মহিলৈকটোরঃ ॥২৩॥

অনুবাদ। হে রাধে ! কলহ করিয়া দধিঘট প্রকাশ্যভাবে লুষ্ঠন করতঃ লইয়া গিয়া অতিতৃষ্ণাশীল যিনি নিবিড় অন্ধকারে মিলিত (অন্তর্হিত) হইয়াছিলেন-সেই তোমার প্রিয়-সথা মহিলৈক চৌর (স্ত্রীজন-চৌর) গিরিরাজের শিখর দেশে ঐ আরোহণ করিয়াছেন-দেখ ॥২৩॥

মূর্ত্তিং নির্জিতনূত্ব-নীরদবলদ্ গবের্বান্নতিং কৈশবীং
ক্ষুর্জদ্ গোপবধূ-ধ্বনদ্ধৃতি-চমূ-ধ্বংসে স্মরোদ্যদাদাম।
বিভ্রাজদ্ গিরিবর্য্যসুন্দর-শিরঃপট্টে ক্ষুরন্তীং মনাগ্
ভঙ্গ্যালিঙ্গ্য দৃশা প্রিয়ালিবলিতা-রাধাপ্যধীরাহব্রবীৎ ॥২৪॥
কিং নব্যামুদ এষ ভব্যবদনাঃ! কিং নীল-রত্নাঙ্কুরঃ
কিং নীলোৎপল-নব্যমূর্ত্তিরপি কিং কস্ভূরিকা-বিভ্রমঃ।

আন্তেষ্বে ন কোইপি হন্ত যদয়ং নস্তাপয়েরির্ভরং
তত্মাদেশাকুলচন্দ্র এবভবিতা শ্যামোহদ্বতঃ ক্মাধরে ॥২৫॥
অনুবাদ। নৃতন মেঘের বৃদ্ধিশীল অহঙ্কার রাশিকে জয় করিয়াছেন
(নবনীরদ-বর্ণজয়ী), অহঙ্কৃতা গোপবধূদিগের অতিচঞ্চল ধৈর্যারূপ
সেনাবিনাশে কামের উত্তোলিত গদা স্বরূপ, মনোরম গিরিরাজের
সুন্দর শিরোদেশে বিরাজমান সেই কেশবী মূর্ত্তিকে (প্রশস্ত
চিকুরবান্ শ্রীকৃষ্ণকে) নয়ন ভঙ্গীতে আলিঙ্গন করিয়া তখন প্রিয়সখী
সমূহ বেষ্টিতা অধীরা রাধাও বলিতে লাগিলেন, "হে ভব্যবদনা
সখীগণ! ইনি কি নবীন মেঘই হইবেন ? অথবা ইন্দ্রনীলমণির
অঙ্কুরই বা কি ? নীলপদ্মের নব্য মূর্ত্তিই কি ? অথবা কম্ভুরিকার
বিভ্রম (মোহন শৃঙ্গার বিশেষই) কি হইবেন ? হায়! তাহাদিগের
মধ্যে ইনি ত কোনটীই নহেন! যেহেতু, ইনি যে আমাদিগকে
যথেষ্ট তাপ দিতেছেন—তবে বোধ হয় অদ্ধৃত শ্যামল গোকুল—
চন্দ্রমাই এই গিরিরাজে উদয় লাভ করিয়াছেন" ॥২৪-২৫॥

বিজিতভগণ-দীব্যৎ পূর্ণগুল্রাংশু-শোভঃ সখিনিকর-বৃতশ্রীর্নাপি কৃষ্ণেন্দুরেষঃ। অয়ি ! পিক-মধু-ভৃঙ্গন্মেরমাকন্দযুক্তঃ স্মরনৃপতিরুপেতঃ স্বেন বঃ সন্ধি-হেতোঃ ॥২৬॥

অনুবাদ। "ওহে! নক্ষত্র মালা কর্তৃক উদ্দীপিত পূর্ণচন্দ্রের শোভাবিজয়ী সখাসমূহ কর্তৃক বর্দ্ধিত-সৌন্দর্য্য ইনি কৃষ্ণচন্দ্র ও নহেন; তবে বোধ হয়, কোকিল, মধু (পুল্পরস, বসন্ত) ভ্রমর, প্রস্কুটিত সহকার (আম্র) প্রভৃতি যুক্ত মন্মথরাজ তোমাদের সহিত সন্ধি (সঙ্গম) করিবার জন্য স্বয়ংই আসিয়াছেন!" ॥২৬॥

সোহয়ং গোষ্ঠমহেন্দ্র-পট্টমহিষী বাৎসল্য-লীলাকৃতিঃ

সোহয়ং গোপ-মহেন্দ্রপুণ্য-বিটপি প্রৌঢ়ামৃতোদ্যৎ ফলম্।
সোহয়ং প্রাণ-বয়স্য-জীবিতঘটা রক্ষৈকদক্ষৌষধং
সোহয়ং ধেনুকমির্দ্দিজীবিত-বাষ-ক্ষারামুধির্মাধবঃ ॥২৭॥
অনুবাদ। "ইনি গোপেন্দ্র-পট্টমহিষী শ্রীযশোদার বাৎসল্যলীলারসঘন-মূর্ত্তিশ্বরূপ, ইনি গোপরাজের পুণ্যরূপ বৃক্ষের সুপক্
অমৃতস্রাবী ফলস্বরূপ–ইনি প্রাণবয়স্যদিগের প্রাণচয়ের রক্ষার
একমাত্র মহৌষধ-স্বরূপ–ইনিই ধেনুক-মর্দ্দনকারী বলদেবের
জীবনরূপ মৎস্যের বিস্তৃত সাগর-সদৃশ–মাধব"॥২৭॥

নির্নাস্যবং শশ্বদ্ গিরিধরমুক্ত প্রেমনিবহৈ-স্তদা সাস্র-স্বেদ-ন্নপিতশুভ-বর্ত্মা স্মরবশা। মুহুঃ কম্পাঘাতশ্বলদচলদীব্যদ্ ঘৃত-ঘটীং দধারার্ত্ত্যা শক্ত্যা সখি! কর-সরোজেন সুদতী ॥২৮॥

দধারান্ত্যা শক্ত্যা সাখ ! কর-সরোজেন সুদতা ॥২৮॥

অনুবাদ। এইভাবে পুনঃ পুনঃ গিরিধারীকে দর্শন করিয়া কামবশীভূতা শ্রীরাধা মহাপ্রেমরাশি বশতঃ নিরন্তর অশ্রুপাত ও ঘর্মভরে

স্বীয় সুশোভন দেহ স্নাত করাইলেন। হে সখি ! তখন তাঁহার
মুহুর্মুহুঃ কম্পাঘাত হওয়াতে (স্বীয় মন্তকস্থিত) অচল সুন্দর ঘৃতঘটী
ও খুলিত হইতে লাগিল; কাজেই সেই সুদতী শ্রীরাধা তখন
করকমল দ্বারা ঐ ঘটী আর্ত্তি বশতঃ জোরে ধরিলেন ॥২৮॥

নেপথ্যালীং ললিত-ললিতাং দানিবর্য্যোচিতাং তাং ধৃত্বা সন্তং ধ্বনিতমুরলীপত্রশৃঙ্গাদি-জুষ্টম্। ঘট্টীপালৈঃ কলিত-লকুটের্বেষ্টিতং মিত্র-বৃন্দৈঃ পশ্যন্ত্যন্তাঃ স্মিত-বলিতয়া হেলয়া চারু চেলুঃ ॥২৯॥ অনুবাদ। শ্রীশ্যামসুন্দর অতি সুললিত দানি-শিরোমণির উপযুক্ত শৃঙ্গারাদি ধারণ করিলেন-শব্দায়মান মুরলী-পত্রশৃঙ্গাদি দারা পরিশোভিত হইলেন, এবং যষ্টিধারী ঘটীপাল মিত্রবৃন্দ কর্তৃক পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতে থাকিলে তখন তাঁহাকে দর্শন করিতে করিতে তাঁহারা মৃদুহাস্য সহকারে অবহেলা করিয়া বা হেলা (স্পষ্ট শৃঙ্গার সূচক হাব অর্থাৎ গ্রীবার তীর্য্যক্করণ ও মুখনেত্রাদির বিকাশকারী অনুভাব বিশেষ) নামক অলঙ্কার প্রকাশ করিয়া সুন্দর ভাবে চলিতে লাগিলেন ॥২৯॥

মত্তান্তা মধুরৈর্ভাবৈর্মধুরা মধুমঙ্গলঃ
দৃষ্ট্বা স্মিত্বাহথ সক্রোধমুবাচ মধুমর্দ্দনম্ ॥৩০॥
গর্বের্ণ ফুল্লমধুনা মধুনাহতিমত্তা
মত্তালিভিঃ সমমমন্দবলাহবলাহপি।
গচ্ছত্যসৌ স্কুটমদত্ত-করা হি রাধা
বাধাঃ কথং ন হি বয়স্য ! বলাৎ করোষি ॥৩১॥

অনুবাদ। মধুর ভাবে মত্তা ও সুন্দরাকৃতি তাঁহাদিগকে দেখিয়া
মধুমঙ্গল হাস্য করিয়া ক্রোধের সহিত মধুমর্জন (শ্রীকৃষ্ণকে)
বলিলেন—"হে বয়স্য ! মধুভরে অতি মত্তা (প্রস্কুটিত-যৌবনা)
এই রাধা এক্ষণে প্রফুল্ল মনে গর্কিত-চিত্তে (রূপ-যৌবন) মত্ত
সখীগণ সমভিব্যাহারে কর না দিয়াই অবলা (বলহীনা, নারী)
হইয়াও অমন্দ-বলা (বেগের সহিত) প্রকাশ্যভাবেই যাইতেছেন—
তবে কেন তাঁহাকে বলপূর্কেক বাধা দিতেছ না ?" ॥৩০-৩১॥

হরিং জেতুং শক্তাং মদন-নৃপতেঃ শক্তিমতুলাং
ভ্রমদ্ঘণ্টীধ্বানাং গতি-বিলসিতৈস্তাং স কলয়ন্।
উদঞ্চন্মারোদ্যদ্ ভ্রমবিকৃতিমাগুষ্ঠ্য কপটান্
মৃষা রোষাদেষ স্কুটমিদমবাদীৎ সহচরান্ ॥৩২॥
অনুবাদ। গতিবিলাসের দ্বারা মেখলা-দাম নিবদ্ধ ইতস্ততঃ

সঞ্চাল্যমান ক্ষুদ্র ঘণ্টী (কিন্ধিণী) সমূহের ধ্বনি উথিত হইয়া মদনরাজের অতুলনীয় শক্তি-স্বরূপা শ্রীরাধার জয় ঘোষণা করিতেছে; (সিংহবীর্য্য) শ্রীহরি যখন দেখিলেন যে ঐ ধ্বনিরূপ (মদনরাজের অনুপম) শক্তিতে তাঁহার পরাজয় অনিবার্য্য, তখন তিনি উত্তরোত্তর বৃদ্ধিশীল কামময় ভ্রমবিকারাদি চেষ্টাসমূহ অবহিত্থাক্রমে গোপন করিলেন এবং মিথ্যা রোষভরেই যেন সহচরদিগকে স্পষ্ট করিয়া বলিতেছেন—॥৩২॥

সত্যং ব্রবীতি মধুমঙ্গল এষ ধূর্ত্তা দানং নিপাত্য মম যান্তি মদোরুগবর্বাঃ। পশ্যাদ্য দর্পমধুনা মম মিত্রবর্গ! গুহামি দানমচিরাদহমেক এব ॥৩৩॥

অনুবাদ। 'এই মধুমঙ্গল সত্যই বলিয়াছে, এই ধূর্ত্তা রমণীগণ মদভরে নিরতিশয় অভিমানিনী হইয়া আমার দান বিনাশ করিয়া যাইতেছে! হে মিত্রবর্গ! এক্ষণে তোমরা আমারও গর্ব্ব নিরীক্ষণ কর—আমিই একাকী অবিলম্বে সকলেরই দানগ্রহণ করিতেছি'॥৩৩॥

শৃঙ্গাণি বাদয়ত ভো মুরলীস্তথালীঃ
সংরক্ষত স্কুটমিতস্তত এব যান্তীঃ।
রাধামহং কুটিল-যৌবত-বর্য্য-নাথাং
রুদ্ধাং করোমি সহসা ভুজয়োর্যুগেন ॥৩৪॥
ঘট্টীপাল-সহস্র-বর্য্য সুবল ! ত্বং তাং বিশাখাং হঠাদ্
ঘট্টীকুট্টিমপট্টরক্ষক সখে ! চিত্রাং ত্বমত্রোজ্জ্বল !
সভ্যশ্রেষ্ঠ বসন্ত ! চম্পকলতাং ত্বং তুল্গবিদ্যাং তথা
বর্ত্যপ্রেক্ষক-লক্ষদক্ষ ললিতাং ত্বং কোকিলাবেস্টয় ॥৩৫॥
অনুবাদ। "তোমরা কেহ কেহ শিক্ষা ও মুরলী বাজাও, এবং কেহ

কেহ ইতন্ততঃ পলায়নকারিণী সখীগণকে অবরোধ কর। আর আমি স্বয়ং কুটিল-যৌবত-বর্য্যনাথা (কুটিল যৌবন-বর-স্বামিনী) শ্রীরাধাকে এই ভুজ-যুগলেই অবরোধ করিতেছি"। "হে ঘটীপালসহস্র-শ্রেষ্ঠ সুবল! তুমি ঐ বিশাখাকে হঠাৎ রুদ্ধ কর; দান ঘাটের মণিময় ভিত্তি রক্ষক সখা উজ্জ্বল! তুমি ঐ চিত্রাকে ধর; হে সভ্যশ্রেষ্ঠ বসন্ত! তুমি ঐ চত্স্পকলতা ও তুক্সবিদ্যাকে এবং হে লক্ষ লক্ষ পথ পরিদর্শকগণ হইতে ও সুদক্ষ কোকিল! তুমি ললিতাকে বেন্টন কর" ॥৩৪-৩৫॥

স্মেরৈরেতৈঃ সপদি পরিতো বেষ্ট্যমানাভিরাভি র্বাগাটোপৈঃ প্রিয়সখকুলেম্বাশু সংস্কৃদ্ভিতেমু। রম্বৈর্ভঙ্গ্যা কুটিল-বচসাং রাধয়। সংস্কৃতোহসৌ

কৃষ্ণঃ কোপাদিব সখি ! তদা গর্ব্বিতাং তামবাদীৎ ॥৩৬॥ অনুবাদ। তে সখি ! সেই সহচরগণ হাস্য করিতে করিতে চতুর্দ্দিক হইতে সহচরীগণকে বেষ্টন করিলে তখন ইহারা বাগাড়ম্বর সহকারে প্রিয়সখাগণকে শীঘ্রই স্তব্ধ করিয়া ফেলিলেন। কুটিল (বক্র) বাক্যজালের রঙ্গ ভঙ্গিতে শ্রীরাধা কর্ত্ত্বক সংস্তৃত হইয়া এই শ্রীকৃষ্ণ কোপ করিয়াই যেন তখন গর্ব্বিতা শ্রীরাধাকে বলিতে লাগিলেন—॥৩৬॥

নিত্যং গব্বিণি ! বন্যবর্ত্ত্যনিমিষাৎ সঙ্গোপ্য গব্যাদিকং বিক্রীণাসি শঠে ! ত্বমত্র পতিতা ভাগ্যেন হস্তেহদ্য মে। ত্বাং বন্ধোরুমনোজরাজ-পুরতো নেষ্যাম্যবশ্যং তথা প্রীত্যা যচ্ছতি মহ্যমেব স যথা তারুণ্যরত্নানি বঃ ॥৩৭॥ অনুবাদ। "হে গব্বিণি ! বন পথে ছলক্রমে গব্যাদি গোপন করিয়া নিত্যই বিক্রয় করিয়া থাক ! হে শঠে ! অদ্য ভাগ্যক্রমে তুমি এই স্থানে আমার হস্তে পতিতা হইয়াছ। অতএব তোমাকে বন্ধন করিয়া অবশ্যই আমি (মহা) মন্মথরাজ গোচরে এইভাবে লইয়া উপস্থাপিত করিব, যাহাতে তিনি তোমাদের তারুণ্য (যৌবন) রত্ন-সমূহ আমাকেই প্রীতির সহিত সমর্পণ করেন" ॥৩৭॥

আন্ত্বদ্বিধানপ্যবলাগণান্ কিং
নেষ্যামি তস্যোক্তন্পস্য পার্শ্বে ?
দাস্যামি শিক্ষামহমেব সাক্ষাত্তদদ্বিতীয়ো ব্রজপত্তনেহর্ন্মিন্ ॥৩৮॥
বধ্নামি তূর্ণমন্যা বনমালয়া ত্বাং
মথ্নামি হন্ত ! দশনচ্ছদমত্র দক্তৈঃ।
সন্দারয়ামি কুচয়োর্যুগলং নখাল্তৈ
দানং ন চেজ্বটিতি যচ্ছসি চৌরিকে !তুম্ ॥৩৯॥

আনুবাদ। "আঃ! তোমাদের ন্যায় অবলাগণকেও কি সেই মদনমহারাজের পার্শ্বে লইয়া যাইব ? এই ব্রজমণ্ডলে আমিই অদিতীয়
(মদন), অতএব স্বয়ংই তোমাদিগকে শিক্ষা দিব।"
"হে চৌরিকে! যদি মদীয় দান শীঘ্রই আদায় না কর, তবে তোমাকে
এই বনমালা দ্বারা এক্ষণই বন্ধন করিতেছি; এই দন্তরাজিদ্বারা
এই তোমার অধর মন্থন (দংশন) করিতেছি; নখরাস্ত্র দ্বারা এক্ষণই

তোমার কুচযুগল বিদারণ করিতেছি" !! ॥৩৮-৩৯॥
ইথাং প্রজন্ধ-রভসাত্তরসা তদীয়রক্তাম্বরাঞ্চলমনল্পকচঞ্চলেহস্মিন্।
ধর্ত্তুং সমিচ্ছতি রুষা পরুষাক্ষরং তং
চঞ্চদেগঞ্চলকলা সুকলা ললাপ ॥৪০॥

অনুবাদ। এইভাবে বাক্য বিন্যাস করিতে করিতে অতি চঞ্চল শ্যামসুন্দর যখন হঠাৎ তদীয় রক্তবস্ত্রাঞ্চল আকর্ষণ করিতে ইচ্ছা করিলেন, তর্থনই সেই কমনীয় (চঞ্চল) কটাক্ষ-কলা-বিস্তারিণী সুন্দরী বা সুকলা (নিখিল কলাবিৎ) শ্রীরাধা ক্রোধসহকারে কঠোর বাক্যে তাঁহাকে বলিতে লাগিলেন ॥৪০॥

> দূরেষু তিষ্ঠ ন হি মাং স্পৃশ ধৃষ্ট ধূর্ত্ত ! যাত্তীং সুযাগভবনং ব্রতিনীং পবিত্রাম্। স্পৃষ্টং তবাদ্য মরুতাহপি মদীয়গব্যং শ্যামীভবনু ভবিতা শুভযজ্ঞ-যোগ্যম্ ॥৪১॥

অনুবাদ। "হে ধৃষ্ট ! হে ধৃর্ত্ত !! দূরে থাক, (অনেক) দূরে থাক; ব্রতচারিণী পবিত্রা সুযজ্ঞভবনে গমনকারিণী আমাকে স্পর্শ করিও না। যদি তোমার গাত্র-বায়ু দ্বারাও আমার এই গব্য অদ্য স্পৃষ্ট হয়, তবে তাহা শ্যামীভূত (অশুদ্ধ) হইয়া গেলে আর শুভযজ্ঞ কার্য্যে ব্যবহৃত হইবে না" ॥৪১॥

কামার্ণবোচ্ছলিত-ঘর্ম্ম-জলাভিষেকৈঃ শুদ্ধোহন্মি কিং ন কিল পশ্যসি দীর্ঘনেত্রে! তত্মান্ত্রয়া সহ মহোজ্জ্বল নাম সত্রং কর্তুং লসামি সময়া শুভ-ধর্ম্মপত্ন্যা ॥৪২॥

অনুবাদ। "হে দীর্ঘ নেত্রে ! তুমি কি দেখিতেছ না-যে আমি কামসমুদ্রের উদ্বেলিত ঘর্মাজলে অভিষিক্ত হইয়া শুদ্ধ হইয়াছি ; কাজেই সমানা (সমান ধর্মবিশিষ্টা) শুভ ধর্ম্ম-পত্নী ভোমার সহিত 'মহোজ্জ্বল' নামক যুক্ত সম্পাদন করিতে অভিলাষ করিয়া বিরাজিত আছি" ॥৪২॥

> এতাং বয়স্য ! মৃদু হৃদ্যবচঃ-প্রবন্ধ-রঙ্গৈঃ সুরঞ্জিততরাং নিতরাং বিধায়। দানং গৃহাণ নিজমাশ্বিতি কোকিলোক্ত-

মাশ্রুত্য সম্মিতমনন্ত-বিচিত্রলীলঃ ॥৪৩॥
সব্যং করং সূত্রগ-সব্য-কটৌ নিধায়াসব্যেন কৃষ্টপটসৃষ্টমুখার্দ্ধগুণ্ঠাং।
শীব্ধি স্কুরনুবঘৃতোজ্জ্বল হেম-কুম্ভাং
ভঙ্গ্যা ভ্রমংস্মিতদৃশং স জগাদ রাধাম্ ॥৪৪॥

অনুবাদ। "হে বয়স্য ! এই শ্রীরাধাকে নীরবে প্রকৃষ্টভাবে মৃদুল বন্ধন (পরিরম্ভণ) রঙ্গে অথবা মৃদু হৃদয়গ্রাহী বাক্য-প্রয়োগ-কৌতুকে আরো সুরঞ্জিততর (সুপ্রসন্না) করিয়া নিজ দান শীঘই গ্রহণ কর।" কোকিলের এই বাক্য শ্রবণ করিয়া সেই অনন্ত বিচিত্র লীলাময় (পুরুষরত্ন) সহাস্যে সুন্দর বাম কটিতে বাম হস্ত স্থাপন করিয়া দক্ষিণ হস্ত দ্বারা শ্রীরাধার অবগুষ্ঠনবস্ত্র আকর্ষণ করিলে তদীয় মুখের অর্দ্ধাংশ অবগুষ্ঠিত হইল ; মস্তকে নবঘৃত-পূর্ণ-উজ্জ্বল-হেমকুম্ভবাহিনী, ভঙ্গীক্রমে ভ্রাম্যমাণ-স্মিত-নয়না শ্রীরাধাকে শ্যামসুন্দর বলিলেন—॥৪৩-৪৪॥

ঘটীকৃষ্টিমসৃষ্টপট্ট-নিকটে রাধে ! ঘটীং স্থাপয় প্রোদ্যৎ সৌরভসদ্মপদ্ম-পবনৈঃ শ্রান্তিং ক্ষণং বারয়। দীব্যন্নব্য-সুগব্যদান-বিলসল্লেখং মুহুঃ কারয় ক্রুরস্যালিকুলস্য দানমচিরাদারাৎ স্বয়ং দাপয় ॥৪৫॥ অনুবাদ। "হে রাধে ! এই দানঘাটীর মণিভিত্তির নিকটে ঘটী স্থাপন কর,—দিগন্তবিস্তারি সুগন্ধিবাহি পদ্মবায়ু দ্বারা ক্ষণকালের জন্য শ্রান্তি দূর কর ; দিব্য নব্য সুগব্যের দান জন্য উপযুক্ত লেখা প্রস্তুত করাও, আর ক্রুর সখীসমূহের দান ও অবিলম্বে স্বয়ংই আমার

আগচ্ছ হে লিপিপতে মধুমঙ্গলেহ

নিকটে আসিয়া দান করাও" ॥৪৫॥

পঞ্জীং পঠন্ দৃঢ়মতিঃ কুরু সত্যলেখম্। উৎকোচলোভভরতো যদি নাশয়েন্ত্বং দ্রব্যাণি মে কিল তদা ভবিতাহসি দণ্ড্যঃ ॥৪৬॥

অনুবাদ। "হে লিপিপতি মধুমঙ্গল! এখানে আস ত। পঞ্জী (রাজস্ব নিয়মাদি)-পাঠ করিয়া দৃঢ়মতি হইয়া যথার্থ লেখাই প্রস্তুত কর; যদি তুমি উৎকোচের লোভে আমার দ্রব্যগুলি নাশ কর, তবে তুমিও দণ্ডনীয় হইবে, মনে রাখিও" ॥৪৬॥

আগচ্ছ কচ্ছমবধেহি বিধেহি লেখং
দানং নু দেহি ন হি ধেহি কলিং হি রাধে !
বীটীঞ্চ ভূজ্জ্ব সরসং কুক বক্রবিস্বং
পুণ্যাহমাচর পুরঃ সময়ঃ শুভোহ্যম ॥৪৭॥

অনুবাদ। "হে রাধে ! নিকটে আস, সাবধান হও, লেখা প্রস্তুত করাও, দান আদায় কর, আর বিবাদ করিও না ; তামূল ভক্ষণ করিয়া বদন-বিম্ব সরস কর, পুণ্যাহ আচরণ কর-এই উপস্থিত সময়টি অতীব শুভ" ॥৪৭॥

যস্য যন্ত্রিয়তদানমমুষ্য-বস্তুনঃ সুদৃঢ়মুচ্যতে ময়া।

তত্তদেব কিল লিখ্যতাং ত্ব্য়া যত্নতো লিখনশূর-বয়স্য ॥৪৮॥ অনুবাদ। "হে লিখন-শূর বয়স্য ! যে বস্তুর যাহা নির্দ্দিষ্ট মূল্য, আমি যথার্থই বলিতেছি ; তুমি তাহাই যত্নপূর্ব্বক লিখ ত" ॥৪৮॥

গব্যস্য ভব্যবদনে ! প্রতিপাত্রমত্র দানং কিল প্রতিজনং ব্রজসুন্দরীণাম্। বৃন্দানি পঞ্চ-বিলসন্নবহীরকাণাং যৎ সৌভগাদিকমলভ্যমনেন লভ্যম্ ॥৪৯॥

অনুবাদ। "হে সুন্দরাননে! ব্রজসুন্দরীগণের প্রত্যেকের গব্যাদি

প্রতিপাত্রের জন্য পাঁচ বৃন্দ অত্যুজ্জ্বল নব হীরকই দান-যেহেতু সৌভাগ্য (সমৃদ্ধি গৌরবাদি) পৃথিবীতে দুর্ল্লভ হইলেও কিন্তু আমিই ঐ সব লাভের (ভোগের) অধিকারী" ॥৪৯॥

> সীমন্তকান্তি-বিলসনুবরাগ বন্ধু-সিন্দূরয়োস্তপন-কান্তমণীন্দ্র-লক্ষম্। বেণী-বরালককুলোজ্জ্বল-কজ্জলানাং গারুত্যতেন্দ্র-মণি-মঞ্জুল-লক্ষযুগাম্॥৫০॥

অনুবাদ। "সীমন্তকের (সীঁতির) কান্তি এবং সুন্দর
নবরাগ (রক্তবর্ণ) মনোরম সিন্দ্র বিন্দুর জন্য লক্ষ
স্থ্যকান্ত মণি-শ্রেষ্ঠই দান। বেণী, অত্যুৎকৃষ্ট অলকাসমূহ
ও উৰ্জ্জ্বল কজ্জলাদি প্রত্যেকের জন্য মনোমদ মরকত মণি,
ইন্দ্রনীলমণি প্রভৃতির দুই লক্ষই দান" ॥৫০॥

স্বৰ্ণাৰ্দ্ধচন্দ্ৰ নিভ-ভালতলস্য সূক্ৰ ! শুক্ৰাংশুকান্ত-মণিলক্ষমতুচ্ছশোভম্। কস্তৃৱিকা-ৱচিত-ভালবিশেষকস্য গাক্ৰত্বাতৈৰ্ঘটিত-চন্দ্ৰমসোহৰ্ব্বুদানি ॥৫১॥

অনুবাদ। "হে সুন্দরী! স্বর্ণাভ অর্দ্ধচন্দ্র তুল্য ললাট দেশের জন্য সাতিশয় শোভাবিশিষ্ট এক লক্ষ চন্দ্রকান্তমণিই দান। ললাটস্থ কস্তৃরিকা-রচিত তিলকের জন্য মরকত মণি-জটিত অর্ক্র্দ অর্ক্র্দ চন্দ্রই দান" ॥৫১॥

> জ্রযুগ্মকস্য কুটিলস্য শরাসনানি সন্নীল-রত্নরচিতান্যযুতানি পঞ্চ। কর্ণদ্বয়স্য রুচিরস্য মনোজ্ঞ-নব্য-বৈদূর্য্য-মৌর্ব্বদৃঢ়-সদ্গুণপুঞ্জপুঞ্জাঃ ॥৫২॥

অনুবাদ। "কুটিল জ্বযুগলের দান-পাঁচ অযুত সুন্দর নীলরত্ন-খচিত শরাসন (ধনু) এবং রুচির কর্ণদ্বয়ের জন্য মনোজ্ঞ নবীন বৈদ্য্য-মণিময় মূর্ব্বা লতার সুদৃঢ় উত্তম গুণ (রজ্জু) পুঞ্জের বহু রাশিই দান" ॥৫২॥

কামং কটাক্ষ-বিশিখস্য সুপর্ণরত্মসংনির্মিতা দশ-লক্ষাণি শরাঃ সুতীক্ষাঃ।
অক্ষোর্যুগস্য সুভগস্য মসারসারনীলোৎপলানি নিযুতানি যুতানি গলৈঃ ॥৫৩॥
কার্ত্তস্বরৈর্ঘটিত-কীর্কিশোরচঞ্চ্পুঞ্জঃ প্রকৃষ্টতিল-পুল্প-সুনাসিকায়াঃ।
সদ্গণ্ডয়োর্মধুর-কাঞ্চন-দর্পণানাং
বৃন্দং নবক্ষটিকতোহপ্যতিচিক্কণানাম্॥৫৪॥

অনুবাদ। "প্রতি কটাক্ষ বাণের জন্য না হয়, মরকতমণিনির্মিত দশ লক্ষ সূতীক্ষ্ণ শরই দান দিলে চলিবে।
সৌভাগ্যবান্ অক্ষি যুগলের দান—ইন্দ্রনীলমণির সারময়
নিযুত নিযুত সুগন্ধি নীলপদ্ম।" "অত্যুৎকৃষ্ট তিল কুসুম
বিনিন্দী মনোহর নাসিকার জন্য শুক-কিশোরের স্বর্ণঘটিত চঞ্চ্
পুঞ্জই দান। সুন্দর গণ্ডযুগলের দান—নবক্ষটিক হইতেও অতিশয়
চিক্কণ এক বৃন্দ মনোহর স্বর্ণ দর্পণ"॥৫৩-৫৪॥

সর্বোপমা-মহিমমর্দ্দি-মুখস্য পূর্ণ-শুল্রাংশু-লক্ষমথ ফুল্লসরোজলক্ষম্। উদ্দামধামমণিদর্পণ-লক্ষমত্র সৌবর্ণমেব চিবুকস্য চ রত্নপুঞ্জাঃ ॥৫৫॥ অনুবাদ। "সকল উপমার মহিমা-মর্দ্দিনকারী মুখের দান- লক্ষপূর্ণচন্দ্র, লক্ষ প্রস্কুটিত পদ্ম আর স্বর্ণঘটিত সাতিশয় দীপ্তিবিশিষ্ট লক্ষ মণিদর্পণ। এবং ঐ চিবুকের জন্য রাশিরাশিরত্নই দান" ॥৫৫॥

বিশ্বাধরস্য মধুরস্য সুরাগপদ্ম-রাগৈকপদ্মমিহ পদ্মবর-প্রভায়াঃ। সংপক্ষাড়িম ফলোজ্জ্বলবীজ-নিন্দি দন্তাবলেঃ শিখরলক্ষং দৃষ্টকক্ষম্ ॥৫৬॥

অনুবাদ। "এই পদ্মবর-প্রভা-বিশিষ্টা তোমার মধুর বিম্বাধরের জন্য সুন্দর-কান্তি পদ্মরাগ মণির এক পদ্মই দান। সুপক্ব দাড়িম ফলের উজ্জ্বল বীজ-নিন্দি দন্ত সমূহের জন্য অতুলনীয় লক্ষ শিখরই (মাণিক্যবিশেষই) দান" ॥৫৬॥

যোহয়ং ত্বদ্ বদনারবিন্দ-চিবুকে কম্তূরিকা-কল্পিতঃ সম্যক্ সুন্দরবিন্দুরিন্দুবদনে ! নিঃসঙ্গভূকো মতঃ। স ম্মেরাং মম দৃঙ্ মিলনাধুকরীমালিঙ্গতু প্রেমতঃ সত্যং দানমিদং প্রিয়ে ! নহি পরং কিঞ্চিনায়া যাচ্যতে ॥৫৭॥

গানামৃতাব্ধি-পরিবেষণ-দক্ষ-দর্ব্বী দিব্যাতি রক্তরসনা-রমণীয়তায়াঃ। কর্পূর-সার-পরিবাসিত-নব্যহ্বদ্য মাধ্বীক-পূর্ণ-চষকাবলিরদ্য সদ্যঃ ॥৫৮॥

অনুবাদ। "হে চন্দ্রবদনে! তোমার বদনারবিন্দ-চিবুকে মৃগমদ-রচিত এই যে একটি অতিসুন্দর বিন্দু দৃষ্ট হইতেছে—তাহা যেন ঠিক নিঃসঙ্গ শ্রমর বলিয়াই মনে হয়। অতএব, তাহা আমার নয়ন-রূপ মিলনাকাজ্ফী হাস্যশীলা শ্রমরীকে প্রেমভরে আলিঙ্গন করুক, ইহাই সত্য দান, এতদ্ব্যতিরেকে অন্য কিছু যাচঞা করিতেছি না।" "গানামৃত সমুদ্রের পরিবেশন-কার্য্যে সুনিপুণ দর্ব্বী (হাতা) রূপ দিব্য অতিশয়-রক্তবর্ণ রসনার (জিহ্বার) রমণীয়তার জন্য অদ্য এক্ষণই কর্পূরের সার দ্বারা সুবাসিত নৃতন ও আনন্দদায়ক মধুপূর্ণ পান পাত্র রাশিই দান দাও" ॥৫৭-৫৮॥

> ফুল্লীভবং স্মিতলবস্য সুতার-মঞ্জু মুক্তাফলৈর্বিহিত-কৈরব-কোটিরদ্ধা। পীযূষসার-পরিপূরিত-শাতকুম্ভ-কুম্ভাযুতং মসৃণমঞ্জুলজল্পিতস্য ॥৫৯॥

অনুবাদ। "প্রস্কুটোনাুখ (মৃদু মধুর) সুহাস্য লেশের তত্ত্বতঃ (সত্যই)
দান-স্থ ল মনোহর মুক্তাফল রচিত এক কোটি কৈরব
(শ্বেতোৎপল)। মস্ণ (কোমল) মনোজ্ঞ বাক্য বিন্যাসের জন্য
অমৃতসারে পরিপূর্ণ অযুত স্বর্ণকুম্ভই আমার দান" ॥৫৯॥

শব্দথহোচ্চলিত-সুন্দর-শাতকুম্ভ তাটস্কয়োর্মসৃণচুম্বক-রত্নকেম্। নাসাগ্রলগুনবকাঞ্চন-তম্ভ-বদ্ধ-মুক্তাফলস্য ক্লচি-বিস্ফুরিতার্কমালাঃ ॥৬০॥

অনুবাদ। "কর্ণযুগলে চঞ্চলায়মান অতি সুন্দর স্বর্ণতাটক্ব যুগলের জন্য একটি মসৃণ অয়স্কান্ত (চুম্বক) মণিই দান। নাসাগ্রদেশে লগ্ন রত্নময় নব স্বর্ণরজ্জুবদ্ধ মুক্তাফলটীর জন্য দীপ্তিশীল স্কটিক্ মালাই দান" ॥৬০॥

সুরভিবদনরঙ্গে মুগ্ধ-গন্ধং যদা তে ক্ষুরিত-মৃদুলচালং চারু তামূলমুৎকম্। নটতি ললিত-রক্তৈস্তস্য দানং তদানীং নটনভূবি মদাস্যেহপ্যাশু সংনর্ত্তয়েতি ॥৬১॥ অনুবাদ। "তোমার সুগন্ধি বদন-রূপ রঙ্গমঞ্জে যখন মনোহর, গন্ধ- বিস্তারীও সুন্দর তামূল মৃদুমধুর গতিতে ইতস্ততঃ সঞ্চাল্যমান হইয়া ব্যগ্রতা সহকারে ললিত-রঙ্গ বিস্তার পূর্বেক নর্ত্তন করে, তখন তাহার দান স্বরূপে মদীয় বদন-রূপ নাট্যস্থলেও তাহাকে শীঘ্রই সম্যক্ নর্ত্তন করাও-এই প্রার্থনা" ॥৬১॥

কমুশ্রিয়া কলিত-কণ্ঠবরস্য হেমশঙ্খাবলির্বলিত-বল্পুজ্জদ্বয়স্য।
স্বর্ণোল্লসনাস্ণ-মঞ্জু-মৃণাল-পালিবৈদ্য্য্-পদ্ধজততিঃ করয়োর্দ্বয়োশ্চ ॥৬২॥

অনুবাদ। "তোমার শঙ্খবৎ (রেখাত্রয়-যুক্ত) সৌন্দর্য্য-বিশিষ্ট মনোহর কণ্ঠের জন্য হেম-জটিত শঙ্খাবলিই দান। আর সুবলিত মনোহর বাহুযুগলের জন্য স্বর্ণময় মসৃণ মনোজ্ঞ মৃণাল সমূহই এবং কর্যুগলের জন্য বৈদ্র্য্মণিজটিত পদ্মরাশিই দান" ॥৬২॥

> হস্তাঙ্গুলী-সমুদয়স্য মনোহরস্য গন্ধোনুতাঃ কনক-বন্ধুর-গন্ধফল্যঃ। পৃষ্ঠস্থলী-পুরট-সুন্দর-পট্টিকায়াঃ কুঞ্জে প্রসূন-শয়নে স্বপনাদি-কেলিঃ ॥৬৩॥

অনুবাদ। "মনোহর হস্তাঙ্গুলী সমুদয়ের জন্য সুগন্ধি স্বর্ণময় ও সুমনোহর গন্ধফলী (চম্পক-কলিকা) রাশিই দান। পৃষ্ঠস্থলীয় স্বর্ণবর্ণ সুন্দর পট্টিকার (অর্থাৎ সমগ্র পৃষ্ঠদেশের) জন্য কুঞ্জে কুসুমশয্যায় শয়ন ইত্যাদি কেলিই দান" ॥৬৩॥

> মত্ত-দ্বিপেন্দ্ৰ-মদগন্ধিত-কুম্ভ-যুগা-গৰ্ব্বপ্ৰহারি-কুচকুম্ভযুগস্য তস্য। হৈমানি মঞ্জু-মুখি! দাড়িম-বিল্প-তাল-সদ্ধাম-নিস্তলললামফলানি লক্ষম্॥৬৪॥

অনুবাদ। "হে মনোজ্ঞ-বদনে! মত্ত-গজবরের মদ (দানবারি) গন্ধিত কুম্ভ-(মাংসপিণ্ড বিশেষ) যুগলেরও গর্ব্বনাশন তোমার এই কুচকুম্ভদ্বয়ের জন্য সুবর্ণময় দাড়িম, বিল্প, তাল প্রভৃতি সুন্দর শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বর্তুলাকার লক্ষ ফলই দান" ॥৬৪॥

মধ্যং কেশরিবর্য্মধ্যমিব যজ্জায়োরসস্যাস্পদং
বাদ্যৎ-কিঙ্কিণি-রক্তবস্ত্র-বিলসদ্বদ্ধং বলীডোরকৈঃ।
তস্যোরৎকটদানমপ্যুক্তনৃপাদ্ যত্নৈর্ময়া গোপ্যতে
যদ্যাদৌ তব নীবি-বন্ধন-মণিং গৃঢ়ং করে মেহর্পয়েঃ॥৬৫॥
অনুবাদ। "উজ্জ্বল-রস-নিধান, শব্দায়মান-কিঙ্কিণী-শোভিত, রক্তবস্ত্র মধ্যে ক্ষুর্তিপ্রাপ্ত এবং বলিরূপ ডোরদ্বারা বদ্ধ যে তোমার সিংহ
মধ্যবৎ ক্ষীণ মধ্যদেশ–তাহার জন্য কিন্তু বহু উৎকট (অপরিমিত)
দান দিতে হইবে। যদি তোমার নীবি-বন্ধনের মণিটী পূর্বেই আমার
হন্তে গোপনে অর্পণ কর, আমিও তবে (মন্মুথ) মহারাজ হইতে
এবিষয়টী যত্ন সহকারে গোপনে রাখিতে পারি"॥৬৫॥

ইয়ং নীবী রাধে ! নিজনিবিড়বন্ধং দবয়িতুং
ভবদ্ভীত্যা ভঙ্গ্যা ময়ি বিতনুতে যাচন-বিধিম্।
তথা তং তূর্ণং ত্বং দবয় মদনেন্দূদয়কৃতে
যথাহসৌ তুষ্ট্যা তে করমুক্রকটো নো রচয়তি ॥৬৬॥
অনুবাদ। "হে রাধে ! নিজের দৃঢ় বন্ধন দূর করিবার জন্য এই
নীবি তোমার ভয়ে ভঙ্গীক্রমে আমার নিকটে প্রার্থনা
জানাইতেছে—অতএব তুমি অতি শীঘ্রই ঐ বন্ধনটী মোচন কর,
যাহাতে মদনচন্দ্রমা উদিত হইয়া সম্ভষ্টচিত্তে তোমার কটিদেশের
আর বেশী কর (দান) গ্রহণ না করেন॥৬৬॥

নাভিস্ফুরদ্ধদ-তদুখিত-রোমপালী-

ব্যালীঃশিরঃ স্কুরিতরত্নসুনায়কানাম্। বৈদূর্য্য মঞ্জুল-মসার-বরাজরাগ-রত্নানি তানি নিযুতানি নব ক্রমেণ ॥৬৭॥

অনুবাদ। "সুন্দর নাভিহ্নদ এবং তাহা হইতে উর্দ্ধে উথিত রোম-রাজি-রূপ সপীও তাহার শিরোদেশে বিরাজিত রত্নখচিত সুন্দর নায়ক মণি সমূহের জন্য বৈদ্র্য্য, মনোহর ইন্দ্রনীল, সুন্দর পদ্মরাগ প্রভৃতির ক্রমশঃ নয় নিযুত মণিই দান" ॥৬৭॥

সন্নীলপউপটরঞ্জকমঞ্জু-কাঞ্চী-সঞ্চার-চারু-চটুলোচ্চনিতম্বকস্য। সংপ্রোল্লসৎপুরট-পীঠ-নবার্বুদানি দানীন্দ্রকস্য মম যোগ্য-বরাসনানি ॥৬৮॥

অনুবাদ। "সুনীল পট্টবন্ত্রের শোভাবৃদ্ধিকারী, মনোজ্ঞ কাঞ্চীর সঞ্চারণ হেতু সুচারু, চটুল ও উচ্চ নিতম্বের দান স্বরূপে সুদীপ্ত নব অবর্বুদ স্বর্গময় পীঠই (আসনই) দানি-শিরোমণি আমার উপযুক্ত বরাসন" ॥৬৮॥

> উরুদ্বয়স্য কনকৈঃ কৃতচারু-রম্ভা-স্তম্ভাবলির্দলিত-সৎকরভ-প্রভস্য। মঞ্জীর-মঞ্জুল রণচ্চরণারবিন্দ-দ্বন্দ্বস্য রক্তমণিনির্মিত-পল্লবালী ॥৬৯॥

অনুবাদ। "অতি সুন্দর হস্তিউণ্ডের শোভা-বিজয়ী উরুদ্বয়ের জন্য স্বর্ণ-জটিত মনোহর রম্ভা-স্তম্ভ সমূহই দান। নূপুরের মনোজ্ঞ ধ্বনিযুক্ত চরণারবিন্দ যুগলের দান–রক্ত (পদ্মরাগ) মণি নির্ম্মিত পল্লব সমুদয়" ॥৬৯॥

স্মর-রসময়-রাজৎ-ক্ষীণতুক্দস্য তস্য

রুচিরতরতরঙ্গপ্রায়তির্য্যগ্ বলীনাম্। অয়ি ! তদনুভবাখ্যং রত্নযুগ্যং নখানাম্ উদয়দরুণচন্দ্রজ্যোতিষাং রত্ন-চন্দ্রাঃ ॥৭০॥

অনুবাদ। "স্মর (কাম) রসময় এই সুন্দর ক্ষীণোদর ও তাহার মনোহরতর তরঙ্গবৎ প্রতীয়মান বক্র বলি-সমূহের জন্য তত্তৎ 'অনুভব' নামক রত্নযুগল এবং উদীয়মান অরুণবর্গ চন্দ্রপ্রভাবৎ দীপ্তিযুক্ত নখসমূহের জন্য রত্নজড়িত চন্দ্রমারাজিই দান" ॥৭০॥

ফুল্লকাঞ্চন সমুদ্দাক-গর্ব্ব-ধ্বংসিনোস্তব বরেণ্য-জানুনোঃ।
কাঞ্চন-প্রকটিতাং কটকোটিংকাঞ্চন প্রকটদানমানয় ॥৭১॥
অনুবাদ। "সুতপ্ত (দীপ্তিশীল) কাঞ্চন সম্পুটের (কৌটার)
গর্ব্ব নাশক তোমার বরেণ্য জানুদ্বয়ের জন্য কাঞ্চন (স্বর্ণ)
জটিত কোনও (অনির্ব্বচনীয়) এক কোটি কটই (সম্পুট)
সাক্ষাৎ দান আনয়ন কর"॥৭১॥

হারাদ্যলঙ্কৃতি-চয়স্য মনোজ্ঞরশ্মে-স্ত্বৎস্পর্শরত্পমতুলং মৃদু-কণ্ঠলপুম্। ত্বৎ কিঙ্কিণী-বলয়-নূপুর-নিক্বণানাং কামং মহোনুত-মণিদ্বয়মেব হৃদ্যম্॥ ৭২॥

অনুবাদ। তোমর মনোহর কান্তিযুক্ত হারাদি অলঙ্কার সমূহের জন্য আমার কণ্ঠলণ্ণ কোমল অতুলনীয় সুন্দর স্পর্শ-রত্নই দান। তোমার কিঙ্কিণী, বলয় ও নৃপুরাদির ধ্বনির জন্য না হয় হৃদয়স্থিত মহোনুত মণিদ্বয়ই (স্তনযুগলই) দান ॥৭২॥

সন্নীল-রক্তবসনদ্বয়-কঞ্চুকানাং প্রোদ্যৎপ্রবাল-নব-মঞ্জু-মসার-মালাঃ।। ত্বচ্ছারিকা-মৃগবধূ-মহতী-ময়ূরী- লীলাজ-নর্ত্রনততের্বর-রত্ন-কোট্যঃ ॥৭৩॥

অনুবাদ। নীলবর্ণ ও রক্তবর্ণ সুন্দর বস্ত্র (অন্তর্বাস ও বহির্বাস)

যুগল ও কঞ্চুক প্রভৃতির জন্য অতি নৃতন প্রবাল-খচিত ও
নব মনোজ্ঞ ইন্দ্রনীল মণির মালাসমূহই দান। তোমার শারিকা,
মৃগবধূ, মহতী বীণা, ময়ৣরী, লীলাপদ্ম ও নর্ত্রনাদির জন্য শ্রেষ্ঠ
শ্রেষ্ঠ কোটি কোটি রত্নই দান ॥৭৩॥

কান্ত্যা যস্য ক্ষিতি-বন-গিরি-গ্রামলোকাঃ সমস্তাঃ সাক্ষাজ্ঞাতাঃ সুভগবদনে ! হন্ত জামূনদাভাঃ। তস্য ভ্রাম্যদ্ম্যুতিভরবলদ্ গন্ধফল্যাবলীনাং

জৈএস্যোচ্চৈঃ কনক-গিরয়ো গৌরবর্ণস্য কোট্যঃ ॥৭৪॥ অনুবাদ। হে সূভগবদনে ! যে গৌর বর্ণের ছটায় পৃথিবী, বন, পর্বত, গ্রাম এবং লোক-সমুদ্য়ই সাক্ষাৎ হেমবর্ণ ধারণ করিয়াছে, হায় ! ইতন্ততঃ কান্তিরাশি-বিচ্ছুরণশীল চম্পক-কলিকা সমূহের ও সাতিশয় পরাভবকারী সেই গৌরবর্ণের দান-কোটি কোটি স্বর্ণগিরি ॥৭৪॥

গৌরাঙ্গাণাং কমলঘুসৃণপ্রায়-সৌরভ্য-সিন্ধো বাঁতেনাপি ব্রজবনমিদং বাসিতং তম্বতস্তে। এতস্যান্যৎ কিমপি ন ময়া দৃশ্যতে দানযোগ্যং যাতায়াতং কুরু সখি! সদা দানমেতন্মদীয়ম্ ॥৭৫॥

অনুবাদ। "তোমার গৌরবর্ণ অঙ্গসমূহ হইতে বিস্তারিত (উত্তরোত্তর বৃদ্ধিশীল) পদ্ম-কুঙ্কুমাদির (মনোমদ গদ্ধ-বহুল) সৌরভ্য-সিন্ধুর বায়ুদ্বারাও এই ব্রজবন সুবাসিত হইতেছে; ইহার দান-যোগ্য অন্য কোনও বস্তুই দৃষ্টিগোচর হইতেছে না; অতএব হে সখি! সর্ব্বদাই এইস্থানে যাতায়াত কর, ইহাই মদীয় দান নির্দ্দিষ্ট হইল" ॥৭৫॥

মসৃণঘুসৃণ-চচ্চা-চাক্ল-কম্তুরিকোদ্যন্ মকরকমলবল্লী-পত্রভঙ্গাদিকানাম্। রতি-বিতরণ-শূরৈস্তত্তদামোদ-পূরেঃ পরিমলয় মদঙ্গং নিত্যমিত্যেব দানম্॥৭৬॥

অনুবাদ। "মস্ণ কুদ্ধুম বিলেপন, সুচারু কস্তূরিকা-রচিত মকর, কমল-বল্পী ও পত্রভঙ্গী ইত্যাদি রচনা সমূহের জন্য রতিবিতরণ-নিপুণ সেই সেই গন্ধ-প্রবাহ দারা মদীয় অঙ্গ নিত্য সুবাসিত করাই দান" ॥৭৬॥

চরণ-কমল-লাক্ষাশ্রিষ্ট-সৌভাগ্যমুদ্রাততিরতিবলতে যা হারিণী হস্ত তস্যাঃ।
মদুরসি নখরাগ্রৈরর্দ্ধচন্দ্রান্ পরার্দ্ধং
বিতর পদকবর্য্যান্দানমারাদ্বরোরু ॥৭৭॥
ধ্বানৈর্যস্য বিপক্ষ-লক্ষহদয়োৎকম্পাদি-সম্পাদকৈরাবৈকুণ্ঠমজাগুপালিরতুলানন্দিঃ পরিপ্লাবিতা।
প্রীত্যা তস্য রমাদি-বন্দিত-রুতেঃ সৌভাগ্য-সদ্দুন্দুভেদানং কঞ্জমরন্দসুন্দরতরং গানং তবানন্দদে॥৭৮॥

অনুবাদ। "হে বরোরু ! ত্বদীয় চরণ কমলে অলক্তচুদ্বী যে সকল মনোহর সৌভাগ্যচিহ্নরাজি বিরাজ করিতেছে, তাহার দান স্বরূপে নিকটে আসিয়া মদীয় বক্ষোদেশে তোমার নখরাগ্রভাগ সমূহদ্বারা 'অর্দ্ধচন্দ্র' প্রমুখ পদকবর্য্যরাজি সমর্পণই নির্দ্দিষ্ট হইল," "হে আনন্দদায়িনি রাধে ! যাহার (যে দুন্দুভির) নিনাদে বিপক্ষীয় লক্ষ ক্ষদ্রে উৎকম্পাদি সম্পাদিত হয় এবং বৈকুণ্ঠ হইতে ব্রন্ধাণ্ড সমূহ পর্য্যন্ত অসীম আনন্দে পরিপ্লাবিত হয়—ও লক্ষ্মী প্রভৃতি দেবীগণ প্রীতির সহিত যাহার শব্দসমূহ বন্দনা করেন, সেই

সৌভাগ্য-রূপ সুন্দর দুন্দুভির জন্য তোমার পদ্মমধু হইতেও সুন্দরতর (আস্বাদ্য) গানই দান" ॥৭৭-৭৮॥

> নাম স্বস্ত্যয়নং যদত্র বিলসৎ পীযৃষতোহপি প্রিয়ং রাধেতি প্রথিতং সমস্ত-জগতী-রোমাঞ্চ-সঞ্চারকম্। তস্যামূল্যতরস্য দানমপরং যোগ্যং কুচিৎ কিং ভবেৎ তম্মাদুজ্জ্বল-কেলিরত্বমতুলং রাধে! মমাধীয়তাম্ ॥৭৯॥

অনুবাদ। 'রাধা' এই মঙ্গলময় প্রসিদ্ধ নাম, যাহা এই বৃন্দাবনে বিরাজ করিতেছে, যাহা অমৃত হইতে ও প্রিয়তর এবং যাহা সমস্ত জগতেরই রোমাঞ্চ-সঞ্চারক—সেই অমূল্যতর বস্তুর যোগ্য দান কি কোনও স্থলে কখনও সম্ভবপর হইতে পারে ? অতএব হে রাধে! অতুলনীয় উজ্জ্ল (শৃঙ্গারাখ্য) কেলিরত্বই আমাকে দান কর ॥৭৯॥

দীব্যন্মতি-প্রথিতকীর্ত্তিততি-প্রগাঢ় চিত্ত-প্রণেয়-গুণ-গেয়-গুণোৎকরাণাম্। সন্মৌক্তিকপ্রবরহীরকচার্ল-নীল রত্নোজ্জ্বলদ্বিবিধ-রত্নকুলানি কামম্ ॥৮০॥

অনুবাদ। "তোমার বিমল বৃদ্ধি (লীলাবিনোদী-মতি) তোমার কীর্ত্তিমালা এবং প্রগাঢ়চিত্ত (গম্ভীর-চেতাঃ মনস্বী) গণেরও প্রকৃষ্টরূপে স্তুত গুণ-রাজি-বিশিষ্ট ব্যক্তির (উমাদি সতী-শিরোমণি গণের) ও গান-যোগ্য তোমার গুণ সমূহের জন্য না হয় সুন্দর সুন্দর মুক্তা রাশি, শ্রেষ্ঠহীরা, সুচারু ইন্দ্রনীলমণি প্রভৃতি বিবিধ উজ্জ্বল রত্নরাজিই দান" ॥৮০॥

মাদ্যন্মতঙ্গ-গতি-নিন্দিগতেরনঙ্গ-রঙ্গস্য সঙ্গ-বিধয়ে কিল লগ্নিকায়াঃ। তারোক্রমৌক্তিকমরালবরালিরালি! মাণিক্য-পালিরথ তে করচালনাম্ ॥৮১॥

অনুবাদ। "হে আলি! তোমার অনঙ্গরকে সঙ্গম বিধায়ক লগ্নিকা (প্রতিভূ) স্বরূপা যে তোমার মদমত্ত-মাতঙ্গ-বিজয়ি গতি তাহার জন্য উজ্জ্বল মহামুক্তাফলময় শ্রেষ্ঠ মরাল (রাজহংস) সমূহই দান। এবং তোমার করচালনার (করভঙ্গীর) জন্য মাণিক্য রাশিই দান" ॥৮১॥

আয়ুর্যশো-জয়-বিবর্দ্ধন-রন্ধনোদ্য-দুদ্দামসৌষ্ঠবভরস্য তু কল্পিতং মে। কায়স্থ-বর্ত্তনতয়া মধুমঙ্গলায় নিত্যং সুশঙ্কুলি-সুকুণ্ডলিকাদি-দানম্ ॥৮২॥

অনুবাদ। "আমার আয়ু, যশঃ ও জয় বিবর্দ্ধনের জন্য রন্ধনে উদ্যুক্তা তোমার (তাৎকালীন) নিরতিশয় সৌষ্ঠব রাশির জন্য মধুমঙ্গলকে কায়স্থ (লিখক) বেতন রূপে নিত্য সুপিষ্টক (লুচি) ও উত্তম জিলাপী, (ফেণী) ইত্যাদি দানই আমার ব্যবস্থা নির্দ্দিষ্ট হইল" ॥৮২॥

> সৌন্দর্য্য-হ্রী-বিনয়-পণ্ডিততা-সুগান-বৈদপ্ধ্য সদ্গুণততের্ভবদালি-বর্গাঃ। দুঃসাধমান-বিকৃতের্ললিতা ত্বদালী ত্বংপ্রীতি-নর্মাণ্ডভকর্মাততে বিশাখা ॥৮৩॥

অনুবাদ। "সৌন্দর্য্য, লজ্জা, বিনয়, পাণ্ডিত্য, সুসঙ্গীত, বৈদগ্ধ এবং সদ্গুণরাজির জন্য তোমার সখীসমূহই দান। দুঃসাধ্য মান জনিত বিকারের জন্য তোমার সখী ললিতা এবং তোমার প্রীতিকর নর্মময় শুভকর্ম্বরাজির জন্য বিশাখাই দান" ॥৮৩॥

> কান্ত্যাহতিনিন্দিত-রমা-শতলক্ষকান্তে স্কুদ্বিগ্রহস্য ভবতী সুদতীষুমূল্যা।

লক্ষী-সহস্রশততোহপ্যতিরম্যগোষ্ঠ-রামা-শিরোবরমণেস্তব বিপ্রহোহসৌ ॥৮৪॥

অনুবাদ। "তোমার শ্রীবিগ্রহের কান্তিতে শতলক্ষ রমার (লক্ষীর) কান্তিও অতিশয় নিন্দিত হইতেছে—অতএব ঐ বিগ্রহের জন্য সুন্দরীকুলে দূল্প্রাপ্যা তুমিই দান এবং লক্ষ লক্ষ লক্ষী হইতেও অতি রমণীয় গোষ্ঠ-রমণীগণের শিরোভূষণা তোমার জন্য ঐ বিগ্রহই দান" ॥৮৪॥

> তদ্বাক্যমিত্থ মধিকং মধুরং নিশম্য রাধা তিরক্ত-সুধাহতুলসিন্ধুগবর্বম্। উৎফুল্ল-কোপ-ললিত-স্মিত-নর্ম্মরম্যং ভঙ্গ্যা ললাপ কুটিলং কুটিলং নিরীক্ষ্য ॥৮৫॥ যাস্যাম্যহং নহি পথা রতহিওকেন সন্দ্বিতেন নিতরাং স্থি! তেন তেন। ইত্থং মদুক্তমপি নৈব নিশম্য গবর্বাদ্ আনীয় মামিহ দদৌ ললিতা করেহস্য ॥৮৬॥

অনুবাদ। এইভাবে অমৃতের অসীম সিন্ধুর গর্ব্ব তিরস্কারকারী তাঁহার অতি মধুর বাক্যাবলি শ্রবণ করিয়া এবং সেই কুটিল (ত্রিভঙ্গ) শ্যামকে নিরীক্ষণ করিয়া অথবা তাঁহার প্রতি বক্র-দৃষ্টিপাত পূর্ব্বক উৎফুল্লতাযুক্ত কোপ, ললিত হাস্য ও নর্ম্মদ্বারা রমণীয় কুটিল বাক্যে ভঙ্গীক্রমে শ্রীরাধা বলিলেন–

"হে সখি ! আমি সেই বধূচৌর কর্তৃক সন্দূষিত সেই পথে কিছুতেই যাইব না"—এই প্রকারে আমি বলিলেও ললিতা তাহা গর্ব্বভরে না শুনিয়া এই পথেই আমাকে আনিয়া ইঁহার হস্তে দান করিয়াছে !! ॥৮৫-৮৬॥

এবং নিগদ্য সহসা সহ সা সখীভি-বাঁম্যেন কাম্যমপি তৎকৃত-নৰ্ম্ম-শৰ্ম। সন্নিন্দ্য বন্দ্যবদনা বিধুনা ব্ৰজন্তী ক্লদ্ধা বলেন বিধুনা বিধুনা ব্ৰজস্য ॥৮৭॥

অনুবাদ। এই বলিয়া শ্রীশ্যামসুন্দর-কৃত পরিহাসমঙ্গল বাকোবাক্য বাঞ্ছনীয় হইলেও তাহা সম্যক্ নিন্দা করিয়া বাম্যবশতঃ সহসা সখীগণসহ বেগের সহিত সেই চন্দ্র-কর্তৃক-বন্দনীয়-বদনা শ্রীরাধা চলিয়া যাইতে থাকিলে ব্রজবিধু (গোকুলচন্দ্রমা) বিধু (শ্রীকৃষ্ণ) কর্তৃক বলে অবরুদ্ধা হইলেন ॥৮৭॥

> শ্রুত্বা মুকুন্দ-মধুর-স্মিতসিক্তনর্ম্ম মর্ম্ম-প্রবন্ধমতুলং কিমপি স্মিতাক্ষী। অন্তঃক্ষুরৎ সুখভরং প্রচুরং রুষেব সংরুধ্য হৃদ্যমধিকং ললিতা ললাপ ॥৮৮॥

অনুবাদ। শ্রীমুকুন্দের মধুর হাস্যযুক্ত নর্মালাপের অতুলনীয় অনির্ব্বচনীয় বাকোবাক্যশ্রবণ করিয়া হাস্য-লোচনা ললিতা অন্তরে ক্ষুর্ত্তিপ্রাপ্ত প্রচুর সুখরাশি সংরোধ পূর্ব্বক কোপ করিয়াই যেন অতিমধুর হৃদয়গ্রাহী বাক্যবিন্যাস করিলেন ॥৮৮॥

> কস্যাপি গোষ্ঠনগরে দধি-দুগ্ধ-দান বার্ত্তাপি ন শ্রুতচরী কিমু দৃষ্টপূর্ব্বা। চিল্লাভবর্গপতিনা যদনেন সৃষ্ট-মেততু বল্লব-বধূ-কুল-লুষ্ঠনায় ॥৮৯॥

অনুবাদ। "এই গোষ্ঠ নগরে দধি দৃগ্ধাদির কর গ্রহণের বার্ত্তা ও কেহ শুনে নাই-দেখেত নাই-ই! এই চিল্লাভ (পথদস্যু) বর্গ-নায়ক কর্ত্ত্বক কেবল গোপললনা সমূহকে লুষ্ঠন করিবার জন্যই ইহার সৃষ্টি হইয়াছে" !! ॥৮৯॥

এতস্য কৃষ্ণভূজগস্য কঠোর-ভোগাৎ সখ্যো যদি স্বমবিতুং পরমিচ্ছথৈতৎ। গত্মা ব্রজেন্দ্রগৃহিণী পুরতো যশোহস্য সঙ্গীয়তাং ত্যজতি বঃ সুখিতো যথৈষঃ ॥৯০॥

অনুবাদ। "হে সখীগণ! তোমরা যদি এই কৃষ্ণভুজঙ্গের (বিষধর সর্পের, কৃষ্ণরূপী বিট নায়কের) কঠোর ভোগ (দংশন, কামময় বিলাসাদি) হইতে নিজেকে রক্ষা করিতে একান্ত ইচ্ছা কর, তবে ব্রজেন্দ্র-গৃহিণীর সম্মুখে গিয়া ইহার কীর্ত্তি গান কর, তাহাতে ইনি সুখী হইয়া তোমাদিগকে ত্যাগ করিবেন" ॥৯০॥

রাধাহদাকৃতমগাধমীষদ্ ব্যব্দেন বিজ্ঞায় মুকুন্দ আরাৎ।
প্রত্যেকমল্পন্মতমত্র কৃত্বা জগাদ ভঙ্গ্যা ললিতাদিকাস্তাঃ ॥৯১॥
অনুবাদ। দূর হইতে শ্রীরাধার হৃদয়ের অগাধ অভিলাষ-গর্ভ সঙ্কেত
ঈষৎ ভঙ্গীতেই অবগত হইয়া শ্রীকৃষ্ণ তখন মৃদুহাস্য সহকারে
ললিতাদি গোপীদের প্রত্যেককেই ভঙ্গী পূর্ব্বক বলিলেন–॥৯১॥

বিদ্যাচয়স্য তব সুন্দরি ! তুঙ্গবিদ্যে ! প্রত্যেকমেব কিল লক্ষ-সুবর্ণদক্ষম্। যত্তেন তেন ভবতী ব্রজযৌবতং ত-জিত্বা স্কুরত্যনুদিনং মদ-দর্প-দুপ্তা ॥৯২॥

অনুবাদ। "হে সুন্দরী-তুঙ্গবিদ্যে। তোমার বিদ্যা সমূহের প্রত্যেকটীর জন্যই লক্ষ সুবর্ণ দান আদায় করাই যুক্তিযুক্ত; যেহেতু সেই সেই বিদ্যা দারা তুমি ব্রজ-যুবতিগণকে জয় করিয়া মদ গর্ব্বাভিমানিনী হইয়া নিরন্তর স্কুর্ত্তি পাইতেছে" ॥৯২॥

চিত্রে! সুচিত্রমৃদুমন্দবচঃ-প্রবন্ধো

হদ্যো ন কস্য তব সুন্দরি ! ভূতলেহস্মিন্। নোচেৎ কথং তমবগম্য বুধঃ সুধায়াঃ মাধুর্য্যমপ্যনুদিনং হি তিরস্করোতি ॥৯৩॥

অনুবাদ। "হে সুন্দরী চিত্রে ! তোমার সুচিত্র মৃদুমন্দ বাক্-প্রবন্ধ কাহার না হৃদ্রসায়ন হয় ? তাহাই যদি না হয়, ঐ বাক্য-প্রবন্ধ অবগত হইয়া পণ্ডিতগণ সুধার মাধুর্য্যকেও নিশিদিন তিরস্কার করিবেন কেন" ? ॥৯৩॥

> অস্মাদমুষ্য মধুরস্য ন কোহপি দান-যোগ্যঃ পদার্থ ইহ ভাবিনি! দৃশ্যতে যং। তস্মাদিদং মৃদুল-মঞ্জুল-মৃষ্ট-দিব্য-বিম্বাধরামৃতমিদং স্মিত-চন্দ্র-গন্ধি ॥৯৪॥ প্রাণালি চম্পকলতে! তব বহুতপ্ত-জাম্বনদ-স্কুরিত-চম্পক-কম্পি-কান্তেঃ। শ্যামং মদঙ্গমুচিতং মুদিতা তয়ৈব সন্মালয়া মধুরয়া কিল মগুয়েতি ॥৯৫॥

অনুবাদ। "হে ভাবিনি! এই কারণে ঐ মধুর বাক্যপ্রবন্ধের দানযোগ্য পদার্থ এই পৃথিবীতে দৃষ্ট হইতেছে না; অতএব এই মৃদুল মনোজ্ঞ বিমল দিব্য স্মিত-কর্পূর-গন্ধি বিম্বাধরামৃতই দান কর"।

"হে প্রাণসখি চম্পকলতে! তোমার তপ্তকাঞ্চনবৎ ক্ষুর্তিপ্রাপ্ত এবং চম্পক-বিনিন্দি কান্তির জন্য দান স্বরূপে তুমি আনন্দিত হইয়া আমার এই শ্যামল অঙ্গকে সেই সুন্দর মধুর চম্পকমালা দ্বারা ভূষিত করাই যুক্তিযুক্ত" ॥৯৪-৯৫॥

যতে মুখস্য মধু তন্মধুরাঙ্গি! নর্ম-

কর্পূর-বাসিততরং রসদিপ্ধমুগ্ধম্।
তস্যৈব দুর্লভতরস্য পরং বিশাখে !
দানং ত্বমেব নিয়তং ন পরং ত্রিলোক্যাম্ ॥৯৬॥
অনুবাদ। "হে মধুরাঙ্গি বিশাখে ! তোমার মুখের পরিহাস-রূপ-

অনুবাদ। "হে মধুরাঙ্গি বিশাখে! তোমার মুখের পরিহাস-রূপ-কর্পূর-দ্বারা-সুবাসিততর, রসাল ও মনোজ্ঞ যে মধু (অধরসুধা) সেই পরম দুর্লভতর বস্তুর তুমিই দানরূপে নির্দিষ্ট হইয়াছ; কেননা, জগতে আর কিছুই ইহার দান হইতে পারেনা" ॥৯৬॥

বৈদশ্য-নৰ্ম্মরস-লাস্য-বিলাস-হাস সৌন্দর্য্যসদ্গুণততের্ললিতে ! পরং তে। মনোরুশিক্ষণ-বিচক্ষণতাদি-কূট-কাঠিন্য-কৌশল-পরিত্যজনং হি দানম্ ॥৯৭॥

অনুবাদ। "হে ললিতে ! তোমার পরম বৈদগ্ধ্য, পরিহাসরস, লাস্য-বিলাস, হাস্য, সৌন্দর্য্য ও সদ্গুণরাজির জন্য মান সাধনের বিবিধ উপায়ে শিক্ষণবিচক্ষণতাদি কূট-কাঠিন্য-কৌশলাদির পরিত্যাগই দানরূপে নির্দিষ্ট হইল" ॥৯৭॥

সুধানিধি-সুধাভরৈঃ কৃতবিচিত্রসং-কুণ্ডিকা-স্পৃহাশতবিসর্জ্জক-স্কুরিত-মাধুরী-বিন্দুকাম্। তয়োর্ব্রজবিলাসিনোর্মধুর-কেলিবার্ত্তাসুধাং ধয়ন্ত্যপি সহস্রশঃ সুমুখি! নৈব তৃণ্ডিং লভে ॥৯৮॥

অনুবাদ। "হে সুমুখি! অমৃত-সমুদ্রের অমৃতসারেপূর্ণ বিচিত্র সুন্দর কুণ্ডিকার (বৃহৎপাত্রের) অভিলাষরাশি-পরিত্যাজক মাধুরী-বিন্দুযুক্ত সেই ব্রজবিলাসী যুগলের মধুর কেলিবার্ত্তাসুধা সহস্রবার পান করিয়াও তৃণ্ডিলাভ করিতে পারিতেছি না" ॥৯৮॥

তস্মাৎ পুনঃ পুনরিমাং কথয়ৈব বার্ত্তা-

মিত্যদ্য কুন্দলতয়া প্রতিভাষ্যমাণে। সম্ভোষসাগর-নিমজ্জন ফুল্পরোমা প্রেমার্দ্রবাগ্ বিধুমুখী সুমুখী বভাষে ॥৯৯॥

অনুবাদ। "কাজেই এই কথাই পুনঃ পুনঃ বলিতে থাক"—এইভাবে কুন্দলতা তখন সুমুখীকে বলিলেন। তখন চন্দ্রমুখী সুমুখীও সম্ভোষ–সাগরে নিমজ্জিতা হইয়া রোমাঞ্চিত-কলেবরে প্রেম গদ্দাদ কণ্ঠে বলিতে প্রবৃত্তা হইলেন—॥৯৯॥

> তদা তদুক্তাথিলদানবস্ত্ত-জাতং নিশম্যালিকুলেষু তেষু। হসৎসু সর্বেষু চ তুঙ্গনর্ম্মা স্মিত্তা স্ফুটং বাচমুবাচ গোষ্ঠ্যাম্ ॥১০০॥

অনুবাদ। তৎপরে শ্রীকৃষ্ণের বর্ণিত নিখিল দান-বস্তুর কথা শুনিয়া সেই সখীগণ এবং অন্যান্য সকলেই হাস্য করিতে লাগিলেন। তখন তুঙ্গনর্ম্মা (নর্ম্ম-বিনোদি তুঙ্গবিদ্যা) ও ঈষৎ হাস্য সহকারে সেই গোষ্ঠীতে প্রকাশ্যভাবেই বলিলেন–॥১০০॥

> বিত্তানি যানি মধুমঙ্গল ! যাচিতানি তান্যাশু নেষ্যথ কথং বত দুর্ব্বলাঃ স্থ। তস্মাদ্ গৃহাচ্ছকট-যূথমিহানয়ধ্বং শূরোষ্ট্র-সদ্বত্ত -লোক-খরাংশ্চ বোঢ়ুম্ ॥১০১॥

অনুবাদ। "হে মধুমঙ্গল ! যে সকল বিত্ত প্রার্থনা করা হইয়াছে, সেই সকল বস্তু শীঘ্র শীঘ্র কি প্রকারে লইবে বলত ! যেহেতু তোমরা যে দুর্ব্বল ! অতএব সকল বস্তুরাজি বহন করিবার জন্য গৃহ হইতে শকটরাশি, প্রকাণ্ড প্রকাণ্ড উট, বড় বড় বৃষ, লোকজন ও গর্দ্ধভাদি আনয়ন কর" ॥১০১॥

তৎ কৃষ্ণ-নৰ্মালপিতং ললিতং নিশম্য থৃৎকারকারকমপীন্দুসুধা-প্রবাহে। আনন্দ-সংস্কুরিত-সাত্ত্বিকভাবভার-মাগুণ্ঠ্য বাম্যমধুরা মধুরায়তাক্ষী ॥১০২॥ শ্রীমদ্ গোষ্ঠবনেশ্বরী রসকলা-লীলোজ্বলনাগরী ভ্রাজদ্গোষ্ঠ-মহেন্দ্রনন্দনমনোমাণিক্য-পাটচ্চরী প্রোদ্যৎ পূল্পধনুঃ প্রবন্ধ-বিবিধ-ব্যাকার-বাগীশ্বরী গান্ধবর্বা গিরিধারিণা বিবদতে বাঙ্নৃত্য বিদ্যাধরী ॥১০৩॥ অনুবাদ। তৎপরে শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত পরিহাস-গর্ভ, সুললিত ও চন্দ্র-সুধার প্রবাহ-তিরক্ষারকারী আলাপ শ্রবণ করিয়া বাম্য-মধুরা মধুরায়তাক্ষী শ্রীরাধা আনন্দোথ সাত্ত্বিক-ভাবাবলী গোপন করিয়াছিলেন; এবং সেই শ্রীমতী গোষ্ঠবনাধীশ্বরী, রসকলা বিলাসের উজ্জ্বল-নাগরীমণি, দীপ্তিময় গোষ্ঠনগরের মহেন্দ্র (শ্রীনন্দ) নন্দনের মনোরূপ মাণিক্য-অপহারিণী-প্রকৃষ্টভাবে উদীয়মান কাম-প্রবন্ধের বিবিধ ভাবে প্রকাশন বিষয়ে বাগ্দেবী (সরস্বতী) স্বরূপা-বাক্যনৃত্যের বিদ্যাধরী-গান্ধর্বা গিরিধারীর

> স্বামিনু দাসবনিতা ন বয়ং ভবাম-শ্চন্দ্রাবলির্ন চ বয়ং ন চ পদ্মিকা তে। যদ্ গৃঢ়ঘোরগহনে মিষতঃ করস্য সংলুষ্ঠনায় ভবতা বত রক্ষিতাঃ স্মঃ ॥১০৪॥

সহিত বিবাদে প্রবৃত্তা হইলেন ॥১০২-১০৩॥

অনুবাদ। "হে মহারাজ! আমরা ত তোমার ক্রীতদাসী নহি; চন্দ্রাবলী ও নহি, অথবা তোমার পদ্মা ও নহি যে নিগৃঢ় ঘোর বনে করের ছলে যথাসর্ব্বেস্থ সম্যক্ লুষ্ঠন মানসে আমাদিগকে অবরোধ कतिरव ?" ॥১०८॥

রাধে ! মুধা ন কুরু বাদ-বিবাদ-বৃদ্ধিং জ্ঞাত্বা হিতং মদুদিতং মম দেহি দানম্। নোচেন্মহামদন এষ নিশম্য রোষাৎ সংশাস্তি বো যদি তদা মম নেহ দোষঃ ॥১০৫॥

অনুবাদ। "হে রাধে ! বৃথা বাদ বিবাদ বৃদ্ধি করিও না। আমার বাক্য হিতকর জানিয়া আমার দান দাও ; নতুবা এই মহামদন সকল তথ্য অবগত হইয়া রোষ বশতঃ যদি তোমাদিগকে কঠোর শাস্তি দেন, তবে আমার কোনও দোষ নাই" ॥১০৫॥

মিথ্যৈবায়ং সৃজতি নহি চেদ্দান্মেতত্ততোহসৌ প্রেয়শ্চন্দ্রাবলি-বর-শিরঃ-শাপমঙ্গীকরোতু। স্মিত্যা গোবর্দ্ধন-গিরিদরী-গেহিনী-রঙ্গিণীথং

বাচাং লাস্যং সখি ! বিদধতী হাসয়ামাস গোষ্ঠীম্ ॥১০৬॥ অনুবাদ। "ইনি যদি মিথ্যাই এই দান রচনা না করিয়া থাকেন, তবে ইঁহার প্রেয়সী চন্দ্রাবলীর সুন্দর মন্তকের শপথ করিতে অঙ্গীকার করুন।"—হে সখি ! গোবর্দ্ধনগিরি-কন্দরার রঙ্গিণী স্থামিনী এইভাবে বাক্যলাস্য বিস্তার করিলে সেই সখী-গোষ্ঠী হাসিতে লাগিলেন ॥১০৬॥

শুদ্ধা বিভাতি চ ধিয়া শুভয়া বিশাখা বৈদঞ্চ্য-নৰ্ম্ম-নিপুণা ভবদন্তৱঙ্গা। তস্মাত্তয়া সহ বিচাৰ্য্য বিচাৰ্য্য কাৰ্য্যং কুৰ্য্যাঃ প্ৰমত্ত-ললিতা-মতিমাশু মুঞ্চ ॥১০৭॥

অনুবাদ। "এই বিশাখা-শুভ বুদ্ধিতে শুদ্ধা বলিয়াই প্রতীয়মান হইতেছেন-আর ইনি বৈদক্ষ্য-নর্ম্ম বিষয়েও সুনিপুণ, আপনার অন্তরঙ্গাও বটেন। অতএব তাঁহার সহিত প্রতি কার্য্যে বিচার করিয়া করিয়া সম্পাদন করাই যুক্তিযুক্ত, এখন শীঘ্রই প্রমন্তা ললিতার বুদ্ধি ত্যাগ করুন–ইহাই প্রার্থনা" ॥১০৭॥

> দানীন্দ্রচন্দ্র ! ভবত স্তবতো যতোহহং প্রাপ্তা সুখং তদিহ তেহপি সুখানি দাত্রী। দ্রষ্টুং ভবনাধুর-ধার্ষ্ট্য ভুজঙ্গ-নৃত্য-মুংকাহভিমন্যু-গরুড়ং তরসাহহনয়ামি ॥১০৮॥

অনুবাদ। "হে দানীন্দ্রচন্দ্র! আপনার স্তবেতে আমি যথেষ্ট সুখানুভব করিয়াছি, অতএব আপনাকে ও সুখরাশি দান করিতে এবং আপনার ধৃষ্টতা রূপ মধুর ভুজঙ্গ (সর্প, কামুক)-নৃত্য দেখিতে আমি উৎকণ্ঠিতিচিত্তে শীঘ্রই অভিমন্য (ক্রোধ, আয়ান) রূপ গরুড়কে আনয়ন করিতেছি" ॥১০৮॥

এবং নিগদ্য রভসানাহসাহতিহ্বদ্যা রম্যা মহিষ্ঠ-গুণ-নর্ম্মভিরদ্য-সদ্যঃ। সদ্মানি পদ্মবদনা চলিতুং সমুৎকা রুদ্ধা হঠেন হঠিনা হরিণা বিশাখা ॥১০৯॥

অনুবাদ। এই বলিয়া বেগভরে তেজে অতি হৃদয়গ্রাহী ও মহন্তম পরিহাসাদি দ্বারা রমণীয়া পদ্মবদনা বিশাখা তৎকালেই গৃহে যাইতে ব্যথচিত্তা হইলে শঠ হরি হঠ করিয়া তাঁহাকে রুদ্ধ করিলেন ॥১০৯॥

সংরক্ষ্য ধর্ম্মবলাঃ সবলাদমুত্মাৎ
কামাদ্বিমুক্ত-কুলকর্ম্ম-সমস্তধর্মাৎ।
ব্যাঘুট্য যাত গৃহমেব সতীত্ববত্যঃ
কিম্বা ঘটীরিহ্ সমর্প্য সুযাগশালাম্ ॥১১০॥

অনুবাদ। "হে অবলাগণ! কামভরে কুল-কর্মা ও সমস্ত ধর্মা-ত্যাগী

এই সবল কৃষ্ণ হইতে স্ব স্ব ধর্ম রক্ষা করিয়া সতী-ধর্ম-পরায়ণা তোমরা গৃহেই প্রত্যাবর্ত্তন কর অথবা ঘটী সমূহ এখানে সমর্পণ করিয়া যজ্ঞ শালায় গমন কর" ॥১১০॥

> চিত্রোক্তমিখ মধিগত্য রুষেব তুঙ্গ-বিদ্যা জগাদ কুটিলক্রবমুন্নয়ন্তী। জাত্যাহতিভীততর-গোপক-বাক্যমাত্রা-না ক্রে ! মুধৈব কথমত্র বিভেষি চিত্রে ॥১১১॥

অনুবাদ। চিত্রার এই বাক্য শুনিয়া কোপভরে কুটিলদ্রু উনুত করিয়া তুঙ্গবিদ্যা বলিলেন-"চিত্রে! তুমি অতি মুধ্বা। জাতিতে অতিভীক্র এই গোপবালকের বাক্য-মাত্রেই তুমি এত ভয় করিতেছ কেন ?" ॥১১১॥

> রাধা সদা জয়তি গোষ্ঠবনাধিনাথা তস্যাঃ প্রচণ্ড-সচিবা ললিতা চ শূরা। পশ্যাদ্য তদ্বন-বিনাশক-গোকরার্থং বদ্ধা নয়ামি মধুমঙ্গল-ভণ্ডবিপ্রম্ ॥১১২॥

অনুবাদ। "এই গোষ্ঠবনের অধিস্বামিনী শ্রীরাধা নিত্যই জয়যুক্ত হইতেছেন–আর তাঁহার প্রধান মন্ত্রী ললিতাও বিশেষ প্রতাপান্বিতা। এই দেখনা কেন–আজই তাঁহার বনবিনাশক গোকরের জন্য এই ভণ্ড ব্রাক্ষণ মধুমঙ্গলকে বাঁধিয়া নিতেছি" ॥১১২॥

শ্রুত্বা তদীয়-বচনং মধুমঙ্গলং তং ভীত্যা তদাত্ম-সবিধে সুবলাদি-মধ্যে। সঙ্কুচ্য তত্র চকিতং চকিতং বসন্তং চণ্ডং জগাদ বিহসন্ সখি! কৃষ্ণচন্দ্রঃ ॥১১৩॥ অনুবাদ। "হে সখি কুন্দলতে! তাঁহার এই বাক্য শ্রবণে মধুমঙ্গল ভয়ে শ্রীকৃষ্ণ-নিকটে সুবলাদি-মধ্যে সঙ্কোচ বশতঃ চকিত চকিত হইয়া অবস্থান করিতেছেন, দেখিয়া কৃষ্ণচন্দ্র হাস্য সহকারে প্রচণ্ড (অত্যুচ্চ) স্বরে বলিতে লাগিলেন–॥১১৩॥

> মাভৈর্মহাক্ষিতি-সুরোত্তম ! মদ্বিধস্য সাক্ষাদমুষ্য নরসিংহবরস্য দৃষ্ট্যা। চণ্ডী প্রচণ্ডললিতাহপি চ তুন্সবিদ্যা সা ভৈরবী দ্রুতমপৈষ্যতি বীতবস্ত্রা ॥১১৪॥

অনুবাদ। "হে মহাব্রাক্ষণ! (নিন্দার্থে) ভয় করিও না; মাদৃশ এই নরসিংহবরের দর্শনেই এই চণ্ডীস্বরূপা প্রচণ্ড ললিতা এবং ভৈরবী-রূপিণী এই তুলবিদ্যাও উলঙ্গ হইয়াই দ্রুত পলায়ন করিবে" ॥১১৪॥

তূর্ণং হিরণ্যকশিপুং ভগবন্নৃসিংহ!
চন্দ্রাবলী-কটুকুচং নখরৈর্বিদার্য।
প্রহাদমুল্লসিতমাশু কুরু ত্বমিত্যা
কর্ণেষ বন্ধু ললিতা-লপিতং জহাস ॥১১৫॥

অনুবাদ। "হে ভগবন্ নৃসিংহদেব ! শীঘ্রই হিরণ্যকশিপুশ্বরূপ এই চন্দ্রাবলীর কটু কুচযুগলকে নখরাঘাতে বিদীর্ণ করিয়া (ভক্তবর) প্রহাদকে আশু উল্পুসিত কর (প্রচুর আনন্দের সহিত উল্লাস বিস্তার কর)।" ললিতার এই মনোজ্ঞ বাক্য শ্রবণে তিনি হাসিতে লাগিলেন ॥১১৫॥

চেদ্ গম্ভমিচ্ছসি সখী-নিকরেণ সার্দ্ধং রাধে ! সমৃদ্ধধন-ভূষণ-লোভতস্ত্বম্। তদ্ গচ্ছ কিন্তু ললিতেহ মমাচ্ছকচ্ছে সংরক্ষ্যতাং প্রতিনিধিঃ পুনরেষি যাবং ॥১১৬॥ অনুবাদ। "হে রাধে ! সমৃদ্ধ ধন ভূষণের লোভে যদি তুমি সখীসমূহের সহিত (মুনিগণের যজ্ঞগৃহে) যাইতে ইচ্ছা কর, তবে যাও, কিন্তু তোমার পুনরাগমন পর্য্যন্ত তোমরা প্রতিনিধিস্বরূপে ললিতাকে আমার পবিত্র সন্নিকটে (বা আমার পবিত্র বস্ত্রাঞ্চলে) সংরক্ষণ করিয়া যাও" ॥১১৬॥

> পাপেন কেন মহতা রতহিগুকেহ হস্তে তবৈব বিধিনা বত পাতিতাঃ স্মঃ। কিন্তুদ্য পশ্য তরসা বচসাং তবৈষাং শান্তিং প্রসিদ্ধ-ললিতা দদতী কিলাস্মি ॥১১৭॥

অনুবাদ। "হে রতহিওক (বধূবিট) ! কি মহাপাপেই অদ্য বিধি আমাদিগকে তোমার হস্তে নিপাতিত করিয়াছেন। কিন্তু এক্ষণেই দেখিবে যে এই প্রসিদ্ধ ললিতাই তোমার এই সকল দুর্ব্বাক্য সমূহের শান্তি অতিশীঘ্র দান করিতেছে !!" ॥১১৭॥

> ইতি তং প্রতিভাষ্য কর্কশং ললিতা রোষ-ক্ষায়-ক্ষমিতা। নিকটে কপটৈঃ সখীগণান অবদৎ সুন্দরি ! সা রসোনাদা ॥১১৮॥

অনুবাদ। হে সুন্দরি ! এইভাবে তাঁহাকে কর্কশভাবে উত্তর দিয়া যেন অতিশয় ক্রোধাবিষ্ট চিত্তে সেই রসমত্তা ললিতা নিকটস্থ সখীগণকে কপট করিয়া বলিতেছেন-॥১১৮॥

আর্য্যামিহানয়তু তূর্ণমিতা সুদেবী চিত্রাহচিরেণ কুটিলাং জটিলাং সপুত্রাম। বৃন্দোত্তমং সপদি যাজ্ঞিকবিপ্রমেক-মালোকিতুং নটনমস্য নটেন্দ্রভর্ত্তঃ ॥১১৯॥

অনুবাদ। "সুদেবী শীঘ্র গিয়া আর্য্যাকে (যশোদাকে) এখানে আনয়ন

করুক; চিত্রা অবিলম্বে কুটিলা ও পুত্র অভিমন্যু সহিত জটিলাকে লইয়া আসুক; এবং বৃন্দাদেবী শীঘ্রই একটি যাজ্ঞিক ব্রাহ্মণকে লইয়া আসুক–তাঁহারা উপস্থিত হইয়া এই নটরাজ শিরোমণির নৃত্যু দর্শন করুন" ॥১১৯॥

ইথং তয় ললিতয় লপিতং সরোষমাকর্ণ্য গোষ্ঠরমণী-ধৃত-চিত্ত-বৃত্তিঃ।
ঈষদ্ বিহস্য দর বীক্ষ্য চ রাধিকাং তাং
সংব্যাজহার রুচিরং সখি! গোষ্ঠচন্দ্রঃ ॥১২০॥
গর্ব্বাদ্ যস্য মদীয়দানমনিশং যুদ্মাভিক্রলুজ্যতে
মন্যেহংঞ্চ তৃণায় নৈব কুটিলে দানৈরলং তস্য বঃ।
পশ্যাদ্যৈব তদেব নব্য-বিকসন্তারুণ্য-রত্নং ময়া
বক্ষোজে পরিভূয় শ্রললিতাং রাধেহধুনা লুষ্ঠ্যতে ॥১২১॥

বক্ষোজে পারভূর শূরণাণতাং রাবেহধুনা পুচাতে ॥১২১॥

অনুবাদ। হে সখি ! ললিতার এই সরোষ-বাক্য শ্রবণ
করিয়া ব্রজরমণী-লোলুপ গোষ্ঠচন্দ্র শ্যামসুন্দর ঈষৎ হাস্য
করিলেন এবং সেই শ্রীরাধাকে নিমিষের জন্য দর্শন করিলেন—
তখন পুনরায় অতি মধুর বাক্য প্রয়োগ করিয়া বলিতেছেন—
"হে কুটিলে রাধে ! যাহার (যে যৌবনের) গর্কের তোমরা নিরন্তর
আমার দান উল্লেজ্ঞন করিয়া আসিতেছ এবং আমাকেও তৃণবৎ
মনে করিয়া অবমাননা করিতেছ—সেই বস্তুর কর-গ্রহণের আর
প্রয়োজন নাই। কিন্তু এক্ষণই দেখ—এই শূর (বীরন্মন্যা) ললিতাকে
পরাজয় করিয়া তোমাদের স্তনে নব্য স্কুটোনা খ তারুণ্য (যৌবন)
রত্বকে লুন্ঠন করিতেছি !!" ॥১২০-১২১॥

ইত্যালপ্য স্মরবিলসিতৈঃ স্প্রষ্টুমুৎকে মুকুন্দে ভীত্যেবৈতাস্তত ইত উত স্মের-বক্তারবিন্দাঃ। ক্রং তির্যাঙ্ নয়ন-নটনৈঃ শশ্বদালোকয়ন্ত্যঃ
প্রেমান্ধান্তং প্রিয়সখি ! রসেনাপসস্রুণঃ সমন্তাৎ ॥১২২॥
অনুবাদ। হে প্রিয়সখি ! মুকুন্দ এই বলিয়া কামবিলাসের ভঙ্গীতে
তাঁহাদিগকে স্পর্শ করিতে উৎকণ্ঠিত হইলেন–তখন হাস্যবদনা
রমণীগণ নিষ্ঠুর ও বক্রভাবে নয়ননর্ত্তন দ্বারা পুনঃ পুনঃ তাঁহাকে
অবলোকন করিয়া করিয়া প্রেমান্ধচিত্তে ও ভয়ে ইতস্ততঃ চতুর্দ্ধিকে
পলায়ন করিতে লাগিলেন ॥১২২॥

নিত্যং রাজন্বতি জনপদে দিব্য-গব্যোপহারৈ-র্যাতায়াতং বিদধতি জনা গোষ্ঠতঃ কোটি-সংখ্যাঃ। নৈতেভ্যঃ কিং স্পৃহয়তি ভবান্ দানমাদাতুমেতৎ সত্যং তে চেদ্ ব্রজগিরিবনে ঘউপট্রাধিপত্যম্ ॥১২৩॥ অনুবাদ। "ন্যায় ধর্ম্ম পালিত এইদেশে গোষ্ঠ হইতে কোটি কোটি লোক দিব্য গব্য উপহারাদি লইয়া নিত্যই যাতায়াত করিতেছেন, যদি সত্যই এই ব্রজমণ্ডলের পর্ব্বত্বনে তোমার ঘউপট্রাধিপত্য হইয়া থাকে, তবে কেন তুমি তাঁহাদিগের নিকট হইতেও এই দান

আদায় করিতে ইচ্ছা কর না ?" ॥১২৩॥

র্নটন্নরন-ভঙ্গীভির্নিটিলমীষদুচ্চালয়ন্।
অশেষ-রসিকাগ্রণীঃ সুখভরেণ রজ্যনানস্তথাপি বহিরুদ্ধসন্নিব জগাদ গান্ধর্কিকাম্ ॥১২৪॥
অনুবাদ। শ্রীরাধার এই প্রকাশ্যোজি শ্রবণ করিয়া নৃত্যবিনোদী নয়নভঙ্গীতে ললাট দেশকে উর্দ্ধদিকে ঈষৎ চালনা
করিয়া প্রভু (অসম্ভব-সম্ভবকারী) নিখিল-রসিক-মুকুটমণি শ্যাম
সুখভরে উল্লসিত হইলেও বাহ্যে যেন (উপহাস-ব্যঞ্জক) উচ্চহাস্য

ইতি প্রকট-রাধিকাবচনমাকলয্য প্রভ্র-

করিয়াই শ্রীরাধাকে বলিলেন-॥১২৪॥

অন্যেভ্যাহপি প্রমদ-মধুনা মন্ত-চিন্তাঃ শৃণুধ্বং
গৃহাম্যেতন্নিরবধি মুদা রাজমার্গে ব্রজন্তঃ।
যূয়ং ত্যজ্বা তদনুদিবসং গৃঢ়মত্রাব্রজন্তী
ত্যেবং শ্রুত্বা নিজচরমুখানাথকক্রবর্ত্তী ॥১২৫॥
মামানীরান্তিকমথ রুষা ভর্ৎসয়িত্বা সমন্তা
দুগ্রং দত্বা শপথমহমাশিক্ষিতন্তেন শশ্বং।
তূর্ণং গচ্ছন্ তুমিহ সগণো ঘট্ট-বিধ্বংসিনীস্তা
বদ্ধা শান্তিং সপদি বিদধনাৎপুরঃ প্রাপয়েতি ॥১২৬॥

অনুবাদ। "হে প্রমদ-মধুতে মন্তচিন্তা-অবলাগণ! তোমরা শ্রবণ কর-রাজমার্গে গমনকারী অন্যান্য লোক হইতেও নিরবধি এই কর সানন্দে আদায় করিয়া থাকি। তোমরা এই রাজস্ব উপ্রেক্ষা করিয়া নিরন্তর নিগৃঢ়ভাবে এই স্থান দিয়া যাতায়াত কর—এই বার্ত্তা নিজচরের মুখ হইতে শুনিয়া মনুখ-চক্রবর্ত্তী আমাকে তাঁহার নিকটে ডাকাইয়া ক্রোধে যথেষ্ট ভর্ৎসনা ত করিলেনই, পরম্ভ উগ্র শপথ দিয়া পুনঃ পুনঃ এই শিক্ষাই দান করিলেন"—"সগণে তুমি তথায় শীঘ্র যাও এবং ঘট্টবিধ্বংসিনী সেই রমণীগণকে বাঁধিয়া শীঘ্র শান্তি দিয়া আমার সম্মুখে আন" ॥১২৫-১২৬॥

ততঃ কুন্ডান্ সমুত্তার্য্য নির্বৃতা অপি তাঃ পরম্।
নির্ব্বিণ্ণা ইব ভঙ্গ্যৈব বিবিশুর্ভৃতন্তলে ॥১২৭॥
অনুবাদ। তৎপরে তাঁহারা কুন্ডসমূহ তথায় উত্তারণ করিয়া
(নাবাইয়া) পরমানন্দিতা হইলেও যেন নির্ব্বেদগ্রস্ত হইয়াই
ভঙ্গীক্রমে পর্ব্বতের তলদেশে উপবেশন করিলেন ॥১২৭॥

ইত্যাদি তন্মধুর-কেলি-বিলাস-বার্ত্তা-

পীযৃষমুল্লসিত-কর্ণপুটের্নিপীয়।
আনন্দতঃ পুলক-গদাদরাবচার
সংব্যাজহার মৃদু কুন্দলতা তদানীম্ ॥১২৮॥
। এই প্রকাবে তাঁহাদের এই মধ্ব কেলি-বিল

অনুবাদ। এই প্রকারে তাঁহাদের এই মধুর কেলি-বিলাস-বার্ত্তা-সুধা উল্লসিত-কর্ণপুটে পান করিয়া তখন কুন্দলতা আনন্দভরে পুলকাঞ্চিত-বিগ্রহে গদাদ মৃদুমধুর বাক্যে বলিতেছেন ॥১২৮॥

শশ্বত্তয়োরতুলকেলি-কলামৃতানি
কামং ধয়ন্ত্যপি মনাগপি নৈমি তৃপ্তিম্।
তত্মাৎ পুনঃ কথয় সুন্দরি! কিং ততোহভূদেতত্তদুক্তমধিগম্য জগাদ সা চ ॥১২৯॥
শ্রুত্বা তয়োর্দয়িত-দান-বিহারবার্তামার্ত্তা তদীক্ষিতুমলক্ষিতমাগতোৎকা।
নান্দীমুখী নিভৃত-কুঞ্জ-গৃহে প্রবিষ্টা
দৃষ্ট্বাহদ্ভূতং সদসি সাহদ্ভুতমাজগাম ॥১৩০॥

অনুবাদ। "সেই রসিক যুগলের অতুলনীয় কেলিকলামৃত নিত্য যথেষ্ট পান করিয়াও বিন্দুমাত্রও তৃঞ্জিলাভ করিতেছি না—অতএব হে সুন্দরি । তৎপরে আর কি হইল পুনরায় বল বল !!" তাঁহার এই বাণী শুনিয়া পুনরায় সুমুখীও বলিতে লাগিলেন—ঐ যুগলের প্রিয় দান-বিহার-বার্ত্তা শ্রবণ করিয়া তাহার দর্শন-লালসায় আর্ত্তা ও উৎকণ্ঠিতা হইয়া অলিক্ষিত-গতিতে নান্দীমুখী উপস্থিত হইয়া নিভৃত নিকুঞ্জগৃহে প্রবেশ করিয়াছিলেন। তৎপরে তিনি এই অদ্ভুত (কেলিবিলাসাদি) দর্শন করিয়া সেই সভায় বিচিত্রভাবে আসিয়া উপনীত হইলেন ॥১২৯-১৩০॥

তাং বীক্ষ্য তত্র সকলাঃ পরিরভ্য কামম্

আমোদিতাঃ কথিতবত্য ইতঃ স্ববৃত্তম্। কৃষ্ণোহপি তল্পভনমাশু বিহস্য শস্য-মাশংস্য দানবিবৃতিং কথয়ান্বভূব ॥১৩১॥

অনুবাদ। গোপীগণ তাঁহাকে সেইস্থানে দেখিয়া আনন্দিতচিত্তে আলিঙ্গন করিয়া এখানকার সকল ঘটনা নিবেদন করিলেন। শ্রীকৃষ্ণও তখন হাসিয়া তাঁহার সময়োপযোগী আগমন প্রশংসা পূর্ব্বক দান-বৃত্তান্ত সব বলিলেন ॥১৩১॥

স্মিত্বা রাধামথোদ্বীক্ষ্য মুদিতাং রসবিহ্বলাম্।
সানন্দং পরমানন্দং মুকুন্দং নিজগাদ সা ॥১৩২॥
অনুবাদ। তখন তিনি একটু হাসিয়া শ্রীরাধাকে আমোদিতা ও
রস-বিহ্বলা দেখিয়া আনন্দের সহিত পরমানন্দ মুকুন্দকে
বলিতে লাগিলেন–॥১৩২॥

দানিনুদ্ধত-বস্ত্নাং শ্রুত্বা দানমিহাদ্ধুতম্।
তদ্বাক্যমন্বভাবীতি 'জীবদ্ভিঃ কিং ন দৃশ্যতে' ॥১৩৩॥
অনুবাদ। "হে দানিন্! অদ্ধুত বস্তু সমূহের অদ্ধুত দানবার্ত্তা
শুনিয়া–'জীবিত থাকিলে কি-ই না দেখা যায় ?'–এই বাক্যের মর্ম্ম এখনই অনুভব করিলাম" ॥১৩৩॥

কুলীনা ব্রতিনীরেতা রহঃ সংরক্ষতস্তব।
অপকীর্ত্তিরলং বীর! ভবিতা গোকুলে পুরে ॥১৩৪॥
অনুবাদ। "হে বীর! ইঁহারা কুলকামিনী, এবং ব্রত-পরায়ণা। নির্জনে
ইঁহাদিগকে অবরোধ করিয়া রাখিলে এই গোকুলমণ্ডলে আপনার
যথেষ্ট অপকীর্ত্তি রটিবে ॥১৩৪॥

কৃতং কর্ত্তব্যমত্রৈব তদলং নর্ম-খেলয়া। সমূহ্য মুঞ্চ মুঞ্চৈতাঃ সত্রং গচ্ছন্ত সত্রম্ ॥১৩৫॥ অনুবাদ। "এস্থানেই আপনার কর্ত্তব্য কার্য্যের সম্পাদনও করা হইয়াছে; এখন আর নর্মখেলার প্রয়োজন নাই; ইহা সম্যক্ অবগত হইয়া ইহাদিগকে ত্যাগ করুন–ত্যাগ করুন! ইহারা শীঘ্রই যজ্ঞমণ্ডপে গমন করুন" ॥১৩৫॥

সর্ব্বাঙ্গাণামুপরি লসতা লঙ্গিমেনোত্তমাঙ্গেনাপি শ্লাঘ্যং মুখবিধুমিমা দ্যোতয়ন্ত্যোহপি ধূর্ত্তাঃ।
তন্মান্নীচৈর্বদয়মপি যন্নাভিমাচ্ছাদয়েয়ুর্যন্তৈর্বদ্ধন্তদিহ ভবিতা কোহপ্যপ্রব্রঃ পদার্থঃ ॥১৩৬॥

অনুবাদ। "সর্ব্বাঙ্গের উপরিভাগে বিরাজিত যে উত্তম উত্তমান্দ (মন্তক)—তাহা দ্বারাও প্রশংসনীয় যে মুখচন্দ্র তাহা এই ধূর্ত্তা রমণীগণ প্রকাশ করিয়াও, তাহার নিম্নদেশস্থ হৃদয় ও নাভি যে ইহারা আচ্ছাদন করিয়া রাখিয়াছে—তাহাতেই বোধ হইতেছে যে ঐস্থানে কোনও এক অপূর্ব্ববস্তু সমত্ত্বে বদ্ধ হইয়া রহিয়াছে" ॥১৩৬॥

তস্মাৎ পূৰ্ব্বং নিভৃতমনয়া স্থান-যুগাং প্ৰকাশ্য প্ৰায়ঃ সত্যং ভবতি নহি বা কাৰ্য্যতাং তৎ-প্ৰতীতিঃ। নোচেদেতদ্বিবৃতিমচিৱাৎ সূচকাৎ সংনিশম্য

কুদ্ধোহস্মাকং মদন-নৃপতির্দণ্ডমুচ্চৈর্বিধাতা ॥১৩৭॥ অনুবাদ। "অতএব পূর্ব্বেই ইনি গোপনে ঐ স্থানদ্বয় প্রকাশ করিয়া তদ্বিষয়ে প্রতীতি জন্মাইয়া দিন যে আমার কথা সত্য কি মিথ্যা! তাহা না হইলে আমাদের মদন রাজা অবিলম্বে এই বিবরণ সূচক (কর্ণেজপ, চর) মুখে শুনিয়া ক্রুদ্ধ হইবেন এবং কঠিন শান্তির বিধান করিবেন" ॥১৩৭॥

গুপ্তীকর্ত্ত্বং তদপি পরমং বস্তু যতু ত্বয়াহহং প্রার্থ্যে ভঙ্গ্যা সুমতি-ললিতে ! দাতুমুজ্বা তদর্দ্ধম্। এতৎ কিং স্যাদ্ যদিহ বিচরেল্লেখকঃ সূচকোহসৌ রাজঃ প্রেয়ান্ প্রমমতিমানুজ্বলঃ প্রেক্ষকোহপি ॥১৩৮॥ অদ্বিয়ন্ত্যাং নির্বধি মমচ্ছিদ্রমাভ্যাং তদগ্রে ব্যাজাদেত্রভুত-বিবৃতৌ জ্ঞাপিতায়ামবশ্যম্। তীব্রোহক্সচৈর্মদন-নৃপতির্মামিতস্ত্বাদৃশীভিঃ

সার্কং বদ্ধা নিভৃত-তমসি ক্ষেপ্সতি দ্রাণ্ গুহান্তঃ ॥১৩৯॥ অনুবাদ। "হে সুবুদ্ধি ললিতে। সেই পরম বস্তু গোপন করিতে যে তুমি আমাকে তদর্জ দান করিবে বলিয়া ভঙ্গীক্রমে প্রার্থনা জানাইতেছ—তাহা কি কখনও হইতে পারে? কেন না, এখানে লেখক (মধুমঙ্গল) রাজার সূচক (চর) এবং রাজার প্রিয় পরমবুদ্ধিমান্ প্রেক্ষক (পরিদর্শক) উজ্জ্বল রহিয়াছেন।" "এই দুইজন (সূচক ও প্রেক্ষক) নিরন্তর আমার ছিদ্র অন্বেষণ করেন; যদি ইঁহারা ছলেও এই নিভৃত বিবরণ তাঁহার সমীপে বিজ্ঞাপিত করেন, তবে অবশ্যই অতি কঠিন-হাদয় সেই মদনরাজ আমাকে তোমাদের মত গোপীগণ সহ একত্র বাঁধিয়া শীঘ্রই গুহামধ্যে নিভৃত অন্ধকারে নিক্ষেপ করিবেন!" ॥১৩৮-১৩৯॥

ইতি নান্দীমুখী-সাক্ষাচ্ছংসিতে কংস্বিদ্বিষা।
কপটক্রোধবিদ্ধাদ্ধা রাধা মাধবমব্রবীৎ ॥১৪০॥
সদ্ধর্ম্মোদ্যৎ কমল-পটল-প্রৌঢ়-রাজীব-বন্ধোর্গোপেন্দ্রস্য প্রথিততনয়ঃ শুদ্ধ-রামানুজোহপি।
দুষ্টধ্বংসী স্বয়মপি বদস্যাশু দুর্ভাষিতং যৎ
তত্তে সেবাকুল-ফলমিদং দিব্যঘট্টীষু দেব্যাঃ ॥১৪১॥
অনুবাদ। এইভাবে নান্দীমুখীর সাক্ষাতেই কংসনাসন বলিলে কপটক্রোধবিদ্ধচিত্তা শ্রীরাধা তখনই মাধবকে বলিলেন—"সদ্ধর্মের সহিত

পূর্ণভাবে বিকশিত কমলরাজির পক্ষে প্রদীপ্ত স্য্যাসদৃশ যে
নন্দমহারাজ–তাঁহার প্রসিদ্ধ পুত্র, পবিত্র বলরামের অনুজ এবং
নিজেও দুষ্টধবংসী হইয়াও যে এক্ষণে এই দুর্ব্বাক্য প্রয়োগ
করিতেছে–ইহা কেবল তোমাকর্ত্বক দিব্যঘটীর দেবীর সেবা
সমূহেরই ফল বলিতে হইবে" ॥১৪০-১৪১॥

অন্যদত্র চ যৎ কিঞ্চিনু ক্রতে লজ্জয়া সখী।

তচ্ছৃণু ত্বমিতি ব্যাজাতুঙ্গবিদ্যা জগাদ তম্ ॥১৪২॥
আত্ম-গহ্বরমভঙ্গ-ভুজঙ্গ !
ত্বং ব্রজ দ্রুতিমিতোইতিচঞ্চল !
আহিতুণ্ডিক-বরাইভিমন্যুকঃ
সার্থকাহ্বয় উপৈতি ন যাবৎ ॥১৪৩॥

অনুবাদ। তখন তুঙ্গবিদ্যা ছলক্রমে তাঁহাকে বলিলেন—
"মৎসখী (রাধা) লজ্জায় অন্য যাহা কিছু বলিতেছেন না,
তাহাও তুমি শুন–হে অভঙ্গভুজঙ্গ! (নিরন্তর কামক্রীড়াপরায়ণ!
পক্ষে দুর্দ্দান্ত সর্প) হে অতিচঞ্চল!! যথার্থ নামধারী আহিতুত্তিকবর (সাপুড়িয়া) রূপ অভিমন্যু (আয়ান ঘোষ, ক্রোধ) যে পর্যান্ত
না আসেন, তাবৎ কাল মধ্যে তুমি এস্থান হইতে দ্রুতগমনে
নিজগহররে প্রবেশ কর" ॥১৪২-১৪৩॥

যেরং ভ্রাম্যতি পদ্মিনী ফলযুগং রক্তাং চতুম্পদ্ধজীং বন্ধুকে ভ্রমরৌ বিধৃংশ্চ দধতী সার্দ্ধব্রয়োবিংশতিম্। শ্যামেন্দোঃ পরপুংস আবকলনাৎ ফুল্লাভবেৎ সা সদা স্বীয় স্বামি-রবের্বিলোকন ভরান্ দ্রানা স্কুটং তাম্যতি ॥১৪৪॥ অনুবাদ। দুইটী ফল (কুচযুগল), চারিটী রক্তপদ্ম (দুই হস্তপদ্ম ও দুই চরণপদ্ম), দুইটী বান্ধুলী ফুল (ওঠদ্বয়), দুইটী ভ্রমর (অক্ষি- তারা যুগল) ও সার্দ্ধএয়োবিংশতি (২৩<sup>2</sup>/্) চন্দ্র (মুখে ১, গণ্ডদ্বয়ে ২, ললাটে <sup>2</sup>/্ ও নখে ২০) ধারণ করিয়া এই যে পদ্মিনী ভ্রমণ করিতেছেন–ইনি পরপুরুষ (উপপতি, শ্রেষ্ঠ পুরুষ) শ্যামল চন্দ্রের প্রথম দর্শন হইতেই সর্ব্বাদা প্রফুল্লা হয়েন; কিন্তু নিজ স্বামী রবির দর্শনে শ্লান হইয়া নিশ্চয়ই শুক্ক হইয়া যায়েন ॥১৪৪॥

ইতি হরিমুখপদ্মক্ষ্েলি-সৌরভ্য-সদ্ম-প্রতিবচন-মধূনি প্রীণিতৈতৎসভানি। তদতিরচিতবাধাপীয়মাপীয় রাধা-প্রকটরুচমুদারাং বাচমারাদুবাচ ॥১৪৫॥

অনুবাদ। শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে বিনিঃসৃত এই কৌতুকের সৌরভপূর্ণ (আস্বাদনীয়) প্রত্যুত্তররূপী মধু তত্রত্য সর্ব্ব সভ্যকেই আনন্দিত করিল এবং (প্রকাশ্যভাবে) যজ্ঞ-ভবনে গমনে অতিশয় বাধা পাইলেও শ্রীরাধা ঐ মধু সম্যক্ পান করিয়া দূর হইতে অভিলাষ-ব্যঞ্জক উদার (সরল) বাক্য বলিতে লাগিলেন—॥১৪৫॥

> কুমার ! ভজ ধীরতাং ন কুরু দুর্ম্মদাচ্চাপলং পুরী নিকটবর্ত্তিনী দুরধিপোহত্র কংসো বলী। অতস্তব হিতং ব্রুবে ব্রজ-মহেন্দ্র-সমন্ধতঃ সমূহ্য গহনং ব্রজ প্রকটমত্র গাশ্চারয় ॥১৪৬॥

অনুবাদ। "হে কুমার! ধৈয়া ধর, দুর্ম্মদ প্রযুক্ত চাঞ্চল্য করিওনা, মথুরাপুরী নিকটেই, তত্রত্য দুষ্ট কংস রাজাও মহাবলী; অতএব ব্রজরাজের সম্বন্ধেই তোমাকে হিতকথা বলিতেছি; এই কথা বুঝিয়া কাননে গমন পূর্ব্বক প্রকাশ্যভাবে গোচারণ কর" ॥১৪৬॥

মহামদন-ভূপতেরয়মভিনুদেহ স্বরাট্ নৃশংস-নৃপ-জীবিতাহধিক-বয়স্য-কেশ্যাদিকান্। বিমথ্য দরলীলয়া স্কুরতি যোহত্র গোষ্ঠান্তরে স এষ তব কংসতঃ সখি! বিভেতি কিং মে সখা? ॥১৪৭॥ অনুবাদ। হে সখি! মহামদন রাজার সহিত ইঁহার অভিন্ন-দেহ; ইনি রাজচক্রবর্তী; সেই নৃশংস (কংস) রাজার জীবনাধিক বয়স্য কেশী প্রভৃতিকে যিনি গোষ্ঠমধ্যে অবলীলাক্রমে নিধন করিয়া স্কুর্ত্তি পাইতেছেন—সেই এই আমার সখা কি তোমার কংসকে ভয় করেন ? ॥১৪৭॥

অথৈষ পৃথু-মন্যথো য ইহ তস্য সামন্তকঃ
স এব লঘু-মন্যথঃ পরমমুষ্য কংসো বশঃ।
অতোহস্য লিপিমঙ্কিতাং সপদি তত্র নীত্বা দদন্
নৃপাৎ কটকমানয়ন্ পতি-কুলানি বধ্বামি বঃ ॥১৪৮॥

অনুবাদ। "দেখ! আমার সখা এই কৃষ্ণই মহামন্মথ, আর তাঁহার সামন্তক হইতেছেন–লঘু মন্মথ; কংস কিন্তু এই লঘু মন্মথেরই বশবর্তী। অতএব আমার সখার নামান্ধিত পত্র লইয়া গিয়া শীঘ্রই কংস রাজাকে দিয়া তাহা হইতে সেনা আনয়ন পূর্বেক তোমাদের পতি সমূহকে বন্ধন করিব" ॥১৪৮॥

ইতীহ মধুমঙ্গলোল্লসিত-বক্ত্ৰ-কঞ্জ-স্থলদ্বচঃ-প্ৰসর-সৌষ্ঠবোচ্ছলিত-শীধু-ধারামিমাম্!
নিপীয় রভসোনাদা মৃদু দধার হাসধ্বনিং
সদঃসরসি সুন্দরী-রসিক-সভ্য-ভৃঙ্গ্যাবলী ॥১৪৯॥

অনুবাদ। এই প্রকারে মধুমঙ্গলের উল্লসিত মুখ-পদ্ম হইতে স্থালিত বাক্য রাশির সৌষ্ঠব রূপ উচ্ছলিত এই মধু-ধারা পান করিয়া সেই সভা-সরোবরে সুন্দর রসিক-সভ্যভৃঙ্গীসমূহ আনন্দোনাত্ত হইয়া মৃদু মধুর হাস্যধ্বনি করিতে লাগিলেন ॥১৪৯॥ এতত্তদুক্তমধিগত্য মৃষা রুষাহয়ং বাচং রুচাহতিরুচিরামিতি তামুবাচ। দানং ন চেদ্দদতি মে তদিমা ময়ৈব সার্দ্ধং চলস্ত্রিহ মহামদনেন্দ্র-পার্শ্বম্ ॥১৫০॥

অনুবাদ। মধুমঙ্গলের এই বাক্যের মর্ম্ম অবগত হইয়া শ্রীশ্যামসুন্দর তখন কপট রোষ করিয়া অতিশয় কান্তিবিস্তারিণী শ্রীরাধাকে বলিলেন—"ইহারা যদি দান না–ই দেন, তবে সকলেই এক্ষণে আমারই সহিত মহামদন রাজার নিকটে চলুন" ॥১৫০॥

কো বা মহামনসিজঃ সখি ! নৈব জানে কুত্রাপি ন শ্রুতচরো জগতীতলেহসৌ। মিথ্যৈষ যন্মহিম-নামবলানি তস্য সংকীর্ত্তয়েত্তদিহ বঃ পরিহাস-ভক্ষ্যে ॥১৫১॥

অনুবাদ। "হে সখি! মহামদন যে কে, তাহা ত জানিনা, এই পৃথিবীতে তাহার বার্ত্তাও ত শ্রুতি-পথে আসে নাই। ইনি যে তাহার নাম, মহিমা ও বলের সংকীর্ত্তন করিতেছেন, তাহা (সর্ব্বথা) মিথ্যা এবং তোমাদের পরিহাস ও কৌতুকের জন্যই বটে" ॥১৫১॥

ইত্যাদ্য-চম্পকলতালপিতং তদানী-মাকর্ণ্য গোকুলবিধুর্বিধু-বক্ত-বিম্বাম্। রাধাং নিরীক্ষ্য দর ভাষিতবান্ সভায়াং সোল্লু ষ্ঠমিন্দুবদনে! মদনোহদ্বিতীয়ঃ ॥১৫২॥

অনুবাদ। "হে ইন্দুবদনে! তখন চম্পকলতার এইপ্রকার সুমধুর আলাপ শ্রবণ করিয়া চন্দ্রবদনা শ্রীরাধাকে একবার দর্শন করিয়া সেই সভাতে অদ্বিতীয়-মদন গোকুল-চন্দ্রমা সোল্লু ঠ (স্তুতি পূর্ব্বক দুর্ব্বাদ) বচন বিন্যাস করিলেন"—॥১৫২॥ অত্রৈব হৃদ্য-গিরি-বর্য্য-বিসৃষ্টপট্ট-রাষ্ট্রে বিরাজতি মহামদনঃ সদৈব। তৎসেবিকাভিরপি যদ্ ভবতীভিরেব মাভাষ্যতে তদিহ বো মদ এব হেতুঃ ॥১৫৩॥

অনুবাদ। "এস্থানেই রমণীয় গিরিরাজের অত্যুত্তম পট্টরাজ্যেই সর্ব্বদাই মহামদন বিরাজ করিতেছেন–তাঁহার সেবিকা হইরাও যে তোমরা এইরূপ বলিতেছ, তাহার একমাত্র কারণ তোমাদের মদই (অভিমানই) বলিতে হইবে" ॥১৫৩॥

> সংলভ্য সত্র-সদনে গমনেহদ্য বাধাং রাধা মুধা স্কুরিত-রোষ-রসাভিষিক্তা। তির্য্যক্ স্কুরনুয়ন-নর্ত্তন-তীব্রবাণৈ-রাবিধ্য কৃষ্ণমধুনা মধুবাগুবাচ ॥১৫৪॥

অনুবাদ। তখন যজ্ঞ মণ্ডপে গমনের বাধা পাইয়া শ্রীরাধা কপট ক্রোধ রসে অভিষিক্তবৎ প্রতিভাত হইলেন এবং বক্র নয়ন-নর্ত্তন রূপ তীব্র (কটাক্ষ) বাণ দ্বারা শ্রীকৃষ্ণকে বিদ্ধ করিয়া মধুর বাক্য বিন্যাস করিলেন–॥১৫৪॥

> হে বীর ! বল্লব-বধূ-বদনারবিন্দ-মাধ্বীক-পানভরতঃ পরমাতিশুদ্ধ ! ভাগ্যাত্ত্বরা সহ যয়া চলিতং বরাক্ষ্যা বাঢ়ং ররক্ষ গৃহ-ধর্ম্ম-কুলানি সৈব ॥১৫৫॥

অনুবাদ। "হে বীর! গোপ-বধূদিগের বদন-গদ্ধ-মধুপানভরে অতি পরম শুদ্ধ শ্যাম! ভাগ্যবশতঃ ভোমার সহিত যেই বরাক্ষী (সুন্দর নয়না) নারী আসিয়াছেন, তিনিই গৃহধর্ম্মকুলাদি সকলই যথেষ্ট রক্ষা করিয়াছেন-!!!" ॥১৫৫॥ দৃষ্ট্বা তয়োঃ কলিমনল্পরসাতিবদ্ধ-মাচার্য্যয়োর্বিবিধ-নর্ম্ম-কলা-কলাপে। শাস্তীচ্ছয়া বিনয়-বাক্যকুলৈস্ততোহসৌ নান্দীমুখী সমভিনন্দ্য হরিং জগাদ ॥১৫৬॥

অনুবাদ। বিবিধ নর্ম্ম কলা সমূহের আচার্য্য সেই রসিক যুগলের মহারসাতিবদ্ধ কলহ দর্শন করিয়া তখন সেই নান্দীমুখী শান্তি কামনায় বিনয় বাক্যজাল বিন্যাস করতঃ শ্রীহরিকে অভিনন্দন জ্ঞাপন পূর্ব্বক বলিলেন—॥১৫৬॥

> দানীন্দ্র ! মাঙ্গলিক-যজ্ঞ-নিমিন্তমেতাঃ শুদ্ধা নয়ন্তি শিরসা নবগব্যকুম্ভান্। ধর্ম্মং নিরীক্ষ্য কুলচন্দ্র ! বিমুঞ্চ তস্মাৎ কামং যথা ভবতি তে যশসি প্রচারঃ ॥১৫৭॥

অনুবাদ। "হে দানীন্দ্র! মঙ্গলময় যজ্ঞের উদ্দেশ্যে এই গোপীগণ শুদ্ধভাবে নব গব্য কুন্তু সমূহ মস্তকে বহন করিয়া চলিয়াছেন। অতএব হে কুলচন্দ্র! ধর্ম্মের দিকে দৃষ্টিপাত করিয়া ইহাদিগকে ত্যাগ করুন–যাহাতে আপনার যশের সমধিক প্রচার হয়" ॥১৫৭॥

> গিরীন্দ্র-পুরতঃ স্ফুরন্পবসরোবরস্যোন্পত-প্রসন্পতর-বারিণঃ কুসুম-সজ্ঘ-সদান্ধিনঃ। ধ্বনাঢ্যখগ-সঙ্গিনঃ পরিত এব সদ্ভ্রুইঃ সমৃদ্ধমধিকং বনং জয়তি যত্র খেলাস্পদে ॥১৫৮॥ কৃচিৎ কৃচন সুন্দরং রণতি মত্ত-ভূঙ্গাবলী মধুপ্রসর-মন্দিরে সুরভিপুস্পব্ন্দোদরে। কৃচিৎ কৃচন কোকিলাঃ কলরুতানি সংতন্বতে রসালবন-মঞ্জরীবর মরন্দ-পানোন্দাঃ॥১৫৯॥

ক্বিচিৎ ক্বচন কেকিনঃ পৃথু নটন্তি কেচিনাদাৎ ক্বিচিৎ ক্বচন কেচন প্রতিনদন্তি চামোদিনঃ। ক্বিচিৎ ক্বচন মাধুরীভর-রসালহ্বদ্যোজ্জ্বলৎ ফলপ্রকর-ভক্ষণে পটু রটন্তি শারী-শুকাঃ ॥১৬০॥

অনুবাদ। "গিরিরাজের সম্মুখে বিরাজিত, অত্যুৎকৃষ্ট-স্বচ্ছসুন্দরতর জলপূর্ণ, বিবিধ পুল্পরাজির গন্ধে সুবাসিত ও পক্ষিনিচয়ের কাকলি-ধবনি-বিশিষ্ট নব সরোবরের (মানস
গঙ্গার) চতুর্দ্দিকেই সুন্দর বৃক্ষরাজি সুশোভিত একটি বন
অতিশয় শোভা বিস্তার করিয়া বিরাজমান আছে-সেই ক্রীড়াভূমিতে
কোনও সময়ে মধুবর্ষণশীল নিকুঞ্জে সুগন্ধ পুল্প সমূহের গর্ভে
(মধ্যদেশে) মত্ত ভ্রমর সমূহ সুন্দর গান করে, কখনও বা আম্রবন
সমূহে উত্তম উত্তম (আম্র) মুকুলের মধু পানে উন্মৃত্ত হইয়া কোকিল
কুল অব্যক্ত মধুর ধ্বনি দ্বারা দিজ্মণ্ডল মুখরিত করিয়া থাকে;
আবার কোনও স্থলে বা কোনও সময়ে কোনও কোনও ময়ূর মদভরে
সাতিশয় নৃত্য করে, কোথাও কোথাও বা কোনও কোনও সময়ে
আবার কতকণ্ডলি ময়ূর আমোদিত হইয়া তাহারা প্রতিধ্বনি করে;
আবার অন্য কোথাও বা কখনও কখনও শারী শুক সমূহ মধুররসাল-কমনীয়-উজ্জ্বল ফল সমূহ ভক্ষণ করিতে করিতে যথেষ্ট
কলধ্বনি করিয়া থাকে ॥১৫৮-১৬০॥

শ্বস্তাবদেতৎ সরসো নিকুঞ্জম্ এতাঃ সমেষ্যন্তি মহানপি ত্বম্। তত্ত্বৈব যুক্তং তব দানমেতৎ সম্পাদয়িষ্যাম্যথ লগ্নিকাহহম্ ॥১৬১॥ অনুবাদ। "আগামীকল্য সেই মানস গঙ্গার তটবর্ত্তী নিকুঞ্জে হাঁহারা আসিবেন, আর মহাশয় ! আপনিও যেন আগমন করেন। সে স্থলেই আপনার উপযুক্ত দান আমি আদায় করিয়া দিব এইজন্য আমিই প্রতিভূ (জামিন) রহিলাম ॥১৬১॥

> যতোহত্র নির্ব্বর্ত্ত্যমিদং হি দানং গিরৌ স্থিতস্যাস্য সরোবরস্য। তদ্দান-নির্ব্বর্ত্তনমিত্যভিখ্যা ভবিষ্যতীত্যেব হি সা জগাদ ॥১৬২॥

অনুবাদ। "যেহেতু এই গিরিরাজের নিকটবর্তী শ্রেষ্ঠ সরোবরের তটে এই দান নিবৃত্ত হইবে, অতএব ঐ স্থানের নামও 'দান-নিবর্বর্ত্তন'ই হইবেন।" এইকথা বলিয়াই নান্দীমুখী নীরব হইলেন ॥১৬২॥

অনেন তস্যা বচনেন তেন বিহস্য মুক্তাঃ স্মিতচারুবক্তাঃ। তং বীক্ষমাণা নয়নাঞ্চলৈস্তা-শ্চেলুর্মুদা যজ্ঞগৃহায় পূর্ণাঃ ॥১৬৩॥

অনুবাদ। তাঁহার এই বাক্যে শ্যামসুন্দর হাস্য সহকারে তাঁহাদিগকে পূর্ণমনোরথ করিয়া মুক্ত করিলেন এবং সেই মৃদুমধুর হাস্য শোভিত বদন-বিশিষ্টা গোপীগণও নয়ন-কোণে তাঁহাকে নিরীক্ষণ করিতে করিতে আনন্দের সহিত যজ্ঞ-গৃহাভিমুখে গমন করিলেন ॥১৬৩॥

কৃষ্ণাক্ষি-মন্ত-মধুপে নিজ-দৃষ্টি-ভৃঙ্গীং ভঙ্গ্যা পরিস্কুরদনঙ্গ-তরঙ্গিতাঙ্গী। গ্রীবার্দ্ধ-ভঙ্গ-রুচিরং দর যোজয়ন্তী স্মিত্মালিবর্গ-বলিতা চলিতাহথ রাধা ॥১৬৪॥ অনুবাদ। অনন্তর শ্রীরাধা শ্রীকৃষ্ণের চক্ষুরূপ মন্ত মধুকরে ভঙ্গীক্রমে নিজদৃষ্টি ভূঙ্গী স্থাপন করিলেন এবং তাঁহার সর্ব্বাঙ্গে অনঙ্গের তরঙ্গ প্রকাশ পাইতে লাগিল–তখন তিনি গ্রীবা দেশ কিঞ্চিৎ বক্র করিয়া কিয়ৎক্ষণের জন্য অতি মনোরম মূর্ত্তি প্রকাশিত করিয়া হাসিতে হাসিতে সখীগণ বেষ্টিতা হইয়া চলিতে লাগিলেন ॥১৬৪॥

> তদৈব তাসাং মুখ-পঙ্কজানাং স্মিত স্কুরনাঞ্জু-মরন্দ-বিন্দৃন্। নেত্রান্ত-বক্ত্রেণ পিবন্নিতান্তং মুকুন্দ-ভূসো মুদমাপ সোহপি ॥১৬৫॥

অনুবাদ। তখনই তাঁহাদের মুখ-পদ্ম সমূহের মৃদু হাস্য যুক্ত মনোজ্ঞ মধু বিন্দুরাশি নেত্রান্ত (কটাক্ষ) রূপ মুখদ্বারা পুনঃ পুনঃ নিরতিশয় পান করিয়া করিয়া সেই মুকুন্দ-ভ্রমর ও আনন্দলাভ করিতে লাগিলেন ॥১৬৫॥

> ততো বয়স্যৈঃ সহ নাগরোহসৌ গোবর্দ্ধনাদ্রেঃ শিরসোহবতংসঃ। গাশ্চারয়ন্ দান-কথামৃতং তৎ কুর্ব্বন্ মিথো মোদমবাপ কৃষ্ণঃ ॥১৬৬॥ কান্ত্যা দিশো দশ মুহুর্ত্তরু গৌরয়ন্তী ভাজদ্গন্ত-নটনৈরতিনীলয়ন্তী। সাপি স্মিতার্দ্ধ-কলয়া পরিশুক্লয়ন্তী বার্ত্তামৃতৈর্মধুরয়ন্ত্যুক্তসত্রমাপ ॥১৬৭॥

অনুবাদ। তদনন্তর ঐ নাগর কৃষ্ণ ও বয়স্যগণ সহ গোবর্দ্ধন পর্ব্বতের শিরোদেশে বিরাজিত হইয়া গোচারণ করিতে করিতে ঐ দানকথামৃত পরস্পর আলোচনা করিয়া করিয়া আনন্দ করিয়াছিলেন; আবার শ্রীরাধাও নিজ কান্তিদ্বারা মুহুর্মুহুঃ দশদিক অতিশয় গৌরবর্ণ করিয়া করিয়া-বিদ্যোতমান কটাক্ষনর্ত্তনে (দিজ্মণ্ডল) অতিশয় নীলবর্ণ করিয়া করিয়া-এবং ঈষৎ মৃদু মধুর হাস্যকলায় ইতন্ততঃ শুভ্রবর্ণ ধারণ করাইয়া করাইয়া ও ঐ বার্ত্তামৃতদারা দিগ্মলয়ের সাতিশয় মধুরতা বিধান করিয়া করিয়া, যজ্জমণ্ডপে উপস্থিত হইলেন ॥১৬৬-১৬৭॥

প্রণম্য গব্যং বিনয়েন দিব্যং
প্রদায় তেভ্যো বরভূষণানি।
সংলভ্য রম্যাণি পুনঃ স্বকুণ্ডমাসাদ্য তান্তৎ কথয়া বিজহুঃ ॥১৬৮॥
রেজুন্তাঃ প্রেম-সৌভাগ্য-সৌন্দর্য্যাদি-গুণশ্রিয়া।
সারৈর্মুনিবরাল্লকৈর্ভূষণৈক বিভূষিতাঃ ॥১৬৯॥

অনুবাদ। মুনিদিগকে দণ্ডবৎ প্রণাম করিয়া বিনয়ের সহিত তাঁহারা ঐ দিব্য গব্য তাঁহাদিগকে সমর্পণ করিলেন এবং তাঁহাদের নিকট হইতে মনোরম শ্রেষ্ঠ শ্রেষ্ঠ ভূষণাদি প্রাপ্ত হইয়া পুনরায় প্রীকুণ্ডতীরে আসিয়া সেই দান-কথাতেই আনন্দ করিতে লাগিলেন; প্রেম-সৌভাগ্য-সৌন্দর্য্যাদি-গুণ সম্পত্তিতে এবং মুনিবর (ভাগুরী) হইতে প্রাপ্ত অত্যুৎকৃষ্ট ভূষণাদিতে বিভূষিত হইয়া তাঁহারা বিরাজ করিতে লাগিলেন ॥১৬৮-১৬৯॥

রাধা মহাপ্রেম-রসাভিষিক্তা স্মর-ক্রিয়া-শাস্ত্র-বিশারদা সা। সুবিহ্বলা সাত্ত্বিক-মুখ্যভাবৈঃ প্রিয়ং জগৌ প্রাণসখীবৃতোচ্চৈঃ ॥১৭০॥

অনুবাদ। তখন মহাপ্রেমরসে অভিষিক্তা, কামকলা বিদ্যায় বিশারদা ও সাত্ত্বিক মুখ্যভাবরাজিতে সুবিহ্বলা শ্রীরাধা প্রাণ- সখীগণ কর্ত্ত্ব বেষ্টিত হইয়া উচ্চৈঃস্বরে প্রিয়তমের নামাবলি কীর্ত্ত্বন করিতে লাগিলেন ॥১৭০॥

> ত্রৈলোক্যবর্ত্তি-নব-দম্পতি-মূর্দ্ধ-রত্নং দক্ষ-স্মরাঙ্গ-ঘটনোনুত-সিদ্ধ-তন্ত্রম্। লীলাবিলাস-নবসর্জ্জন-বেধসং তদ্ যুগাং ন বর্ণয়িতুমজভবোহপি শক্তঃ ॥১৭১॥

অনুবাদ। ত্রিভুবন মধ্যে নবদম্পতি শিরোরত্ন, দগ্ধ কামদেবের অঙ্গ যোজনা বিষয়ে উনুত সিদ্ধতন্ত্র স্বরূপ, লীলা বিলাসাদির নব-রচনার বিধাতা-সদৃশ-সেই যুগল কিশোরের বর্ণনা করিতে ব্রহ্মাও অসমর্থ ॥১৭১॥

> ইতি বিলসিত-বার্ত্তাং কুন্দবল্লী-রসাক্তাং রহসি পরিনিশম্যানন্দ-সিন্ধৌ নিমগ্না । দ্রুতমথ নিজসখ্যা সা সমৃদ্ধা তয়াহদ্ধা তদিহ মিথুন-রত্নং দ্রষ্টুমুৎকা চচাল ॥১৭২॥

অনুবাদ। কুন্দলতা এই রসময়ী বিহার-বার্ত্তা নির্জ্জনে শ্রবণ করিয়া আনন্দ-সমুদ্রে নিমগ্না হইলেন। তিনি নিজসখী সুমুখীর সহিত মিলিত হইয়া তৎক্ষণাৎই এই যুগল-কিশোরকে দর্শন করিতে উৎকণ্ঠিত হইয়া চলিলেন ॥১৭২॥

দধ্যাদি-দান-নব-কেলি-রসাব্ধিমধ্যে
মগ্নং নবীন-যুব-রত্নযুগং ব্রজস্য।
নর্ম্মালি-হদ্যমুদিত-দ্যুতিগৌরনীলমন্ধোহপি লুব্ধ ইব লোকিতুমুৎসুকোহস্মি ॥১৭৩॥
অনুবাদ। দধি প্রভৃতি দান বিষয়ক নব কেলিরস সমুদ্রে

নিমগ্ন-নর্ম্মসখীগণের মনোজ্ঞ, গৌরনীলাত্মক-দ্যুতিশীল ব্রজের

নবীন যুবরত্ন যুগলকে অবলোকন করিবার জন্য এই অন্ধও আমি লুব্ধব্যক্তির মত উৎসুক হইয়াছি ॥১৭৩॥

রাধা-মাধবয়োর্দানকেলিচিন্তামণিং গিরৌ।
লব্ধমন্ধেন বীক্ষন্তাং শ্রীমদ্রূপগণাঃ প্রিয়াঃ ॥১৭৪॥
অনুবাদ। এই অন্ধ ব্যক্তি শ্রীগিরিগোবর্দ্ধনে শ্রীরাধামাধবের
"দান কেলি চিন্তামণি" লাভ করিয়াছে। প্রিয় শ্রীমদ্রূপ
গোস্বামীর (অনুগত) জনগণ ইহা বিশেষভাবে দর্শন
(আস্বাদন) করুন–এই প্রার্থনা ॥১৭৪॥

আদদানস্তৃণং দক্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।

শ্রীমদ্রপ-পদাম্ভোজ-রজোহহং স্যাং ভবে ভবে ॥১৭৫॥ অনুবাদ। দশনে তৃণ ধারণ পূর্ব্বক পুনঃ পুনঃ এই যাচঞা করিতেছি যে আমি যেন জন্মে জন্মে শ্রীমদ্রূপ গোস্বামীর পাদপদ্মের রজঃ (ধূলি) হইতে পারি ॥১৭৫॥

> ইতি শ্রীমদ্রঘুনাথদাসগোস্বামি-বিরচিতঃ শ্রীদানকেলিচিন্তামণির্নাম প্রবন্ধঃ সম্পূর্ণঃ ॥

ইতি শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামি-বিরচিত শ্রীদান কেলি চিন্তামণির আক্ষরিক বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রীশ্রীমদ্ বৈষ্ণবেভ্যঃ সমর্পণমস্ত ।

(কানাই) কোন গুণে বিহি তোমায় দানী করেছে।
দানী করেছে, দানী করেছে, দানী করেছে, তোমায় ঘাটিয়ালি দিয়াছে।
রূপেতে ভোমরা, গুণে ননিচোরা,
ধনে ঐ ধবলী, বসতি গাছে।
জিনি পোড়া কাষ্ঠ, তোমার বরণ উৎকৃষ্ট,
বচন সুমিষ্ট জানা আছে ॥

জাতিতে গোয়াল, চরাও ধেনু পাল, স্বভাব রাখাল, কভু না ঘুচে। বনে বনে ধাও, ধবলী হাঁকাও, আপনি রাজা হও, রাখাল মাঝে তুমি হইয়ে বামন, তোমার স্বভাব কেমন, হাত বাড়াইলে রাই সোনার গাড়ে

রাই মুখ হেরি মুখরা কহে।

এত কি আমার পরানে সহে॥

রাখাল হইয়া ছুইতে চায়।

অব কি করব নাহি উপায়॥

এত বলি সবে ধাইয়া চলে।

নিকুঞ্জে রাই লুকায় ছলে॥

দানী অবসর বুঝিয়া কাজে।

লুকায় যাইয়া নিকুঞ্জ মাঝে॥

রাই কানু তাহা দরশ পাই।

রহে দুহু দুহা বদন চাই॥

প্রতি অঙ্গে দানী লইল দান।

রতি রতিপতি মূরতিমান॥

যে ছিল মানস পূরল আশ।

আনন্দে মগন শেখর দাস॥

। প্রীগৌরসুন্দর দাস কর্ত্তক প্রকাশিত গ্রন্থাবলী। ১। শ্রীশ্রী নরোত্তম বিলাস। ২। শ্রীশ্রী সাধনামৃত চন্দ্রিকা। ৩। শ্রীশ্রীগৌরগোবিন্দ অর্চন স্মরণ পদ্ধতি ৪। শ্রীশ্রী প্রেমভঙ্জি চন্দ্রিকা। ৫। শ্রীশ্রী রূপচিন্তামণিঃ। ৬। শ্রীশ্রী রাসপঞ্চাধ্যায়ী। १। शौशी উৎকলিকা বল্পবিঃ। ৮। शौशी मानकिल চिखामिनः। ৯। শ্রীশ্রীরাধাকৃষ্ণ গণোদ্দেশ দিপীকা। ১০। শ্রীশ্রীরাধাকৃষ্ণের অষ্টোত্তরশতনাম। ১১। শ্রীশ্রীজগন্নাথ বল্পভ নাটকম্। ১২। শ্রীশ্রীবিলাপ কুসুমাঞ্জলিঃ। ১৩। শ্রীশ্রীনামামৃত সমুদ্র। পুরাণ, ইতিহাস, শ্রুতি, স্মৃতি, সংহিতা, পঞ্চরাত্র, নাটক,কাব্য, व्याकत्रण, অভिधान, जन्मर्छ, जाधक জीवनी, दिकाद जीवनी, চরিতাবলী, পদাবলী, (শ্রীশ্রী) চৈতন্যমঙ্গলম্, চৈতন্যভাগবতম্, চৈতন্যচরিতামৃতম্, চৈতন্যচন্দ্রোদয়নটিকম্, চৈতন্যচন্দ্রামৃতম্, চৈতন্যশিক্ষামৃতম্, চৈতন্য শিক্ষাষ্টকম্, চৈতন্য উপদেশামৃতম্, বৃহদ্বাগবতামৃতম্, লঘুভাগবতামৃতম্, প্রেমসম্পূট, চমৎকারচন্দ্রিকা, বংশীশিক্ষা, অধৈতপ্রকাশ, সাধনরত্ম-মঞ্জ্বা, সাধনভক্তি-কৌমুদী, সাধকোল্লাস, নিত্যানন্দচরিতামৃতম্, নিত্যানন্দবংশ-বিস্তার, শ্যামানন্দ প্রকাশ, গোবিন্দলীলামৃতম্, স্তবামৃতলহরী, মুক্তাচরিত্রম্, বৃন্দাবনমাহাত্ম্য, স্তোত্ররত্নাবলী, ভক্তিগ্রন্থপঞ্চকম্, ভাগবৎমাহাত্ম্য, সঙ্কল্পকল্পদ্রম, মুরলীবিলাস, নিকুঞ্জরহস্যন্তব, ভক্তকণ্ঠহার। এতন্তির এখানে শতাধিক ভক্তিগ্রন্থ পাওয়া যায়।

প্রাপ্তিস্থান : শ্রীশ্রীভজ্ঞিছ প্রচার ভাষার, পো: রাধাকুণ্ড, জিলা–মধুরা। উ: প্র:, পিন-২৮১৫০৪